# আমাদের আচরণবিধি

## আমরা যেভাবে একসাথে কাজ করি এবং জয়ী হই

GE VERNOVA

# বিষয়বস্তু

## পরিচিতি


- আমাদের লিডারদের কাছ থেকে বার্তা 2
- আচরণবিধি কী এবং এটি কাদের জন্য? 3
- আমাদের প্রত্যাশা পৃষ্ঠা 4
  - কর্মীদের দায়িত্ব 5
  - পিপল লিডারের দায়িত্ব 6


## অভ্যাসে সততা


- নৈতিক সিদ্ধান্ত নেওয়া 7
- কথা বলা 9


## কার্যক্ষেত্রে আমাদের আচরণবিধি


- সৎ ও ন্যায্যভাবে ব্যবসা করা 13
  - স্বার্থের দ্বন্দ্ব 14
  - উপহার, বিনোদন ও আতিথেয়তা 15
  - ঘুষ-বিরোধী 17
  - ন্যায্য প্রতিযোগিতা 18
  - আন্তর্জাতিক বাণিজ্য 19
  - সরবরাহকারীর সাথে সম্পৃক্ততা 21
  - সরকারি প্রতিষ্ঠানের সাথে লেনদেন 22
- জবাবদিহিতা নিশ্চিত করা পৃষ্ঠা 23
  - স্থায়িত্ব 24
  - মানবাধিকার 25
  - পরিবেশ, স্বাস্থ্য এবং সুরক্ষা 26
  - নিরাপত্তা 27
  - গুণমান 28
  - সঠিক রেকর্ড সংরক্ষণ 29
- কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া 30
  - তথ্য সুরক্ষা 31
  - কৃত্রিম বুদ্ধিমত্তা 32
  - সামাজিক যোগাযোগমাধ্যম 33
  - সাইবার নিরাপত্তা 34
  - গোপনীয়তা 35
  - মেধাসম্পদ 36
  - অর্থপাচার প্রতিরোধ 37
  - অভ্যন্তরীণ লেনদেন 38


## উদ্বেগ জানানোর মাধ্যমসমূহ


- রিসোর্সেস 39




আমাদের লিডারদের কাছ থেকে একটি বার্তা

# বিশ্বকে সততার সাথে পরিবর্তন করার শক্তি

GE Vernova (জিই ভার্নোভা)-তে, বিশ্বকে সমৃদ্ধ ও কার্বনমুক্ত করার জন্য বিদ্যুতায়নের লক্ষ্যে আমাদের কেবল পরিচালনা এবং প্রযুক্তিগত উৎকর্ষতাই নয় বরং সততার প্রতি আমাদের অটল অঙ্গীকারও প্রয়োজন। এবং আমাদের আচরণবিধি আমাদের লক্ষ্য অর্জনের জন্য নির্দেশিকা হিসেবে কাজ করে - আমরা নিজেদের ও আমাদের অংশীদারদের কাছ থেকে এটাই প্রত্যাশা করি।

মূল্যবোধ-চালিত প্রতিষ্ঠান হিসেবে আমাদের আচরণবিধি GE Vernova (জিই ভার্নোভা) পদ্ধতিকে প্রতিফলিত করে। যখন আমরা প্রত্যেকে সততার সাথে কাজ করি তখন আমরা শক্তিশালী সংস্কৃতি গড়ে তুলতে, আমাদের গ্রাহকদের জন্য সেবা প্রদান করতে, আমাদের সমাজের সেবা করতে এবং আমাদের লক্ষ্য পূরণে অবদান রাখি। এই কোডটি আমাদের সাধারন দিকনির্দেশক: জটিলতার মধ্য দিয়ে আমাদের পথ দেখায়, আত্মবিশ্বাস নিয়ে কথা বলতে উৎসাহিত করে এবং উদ্দেশ্য ও জবাবদিহিতার সাথে কাজ করতে সাহায্য করে।

এই আচরনবিধি আপনাকে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে, সীমাবদ্ধ করার জন্য নয়। আপনার দৈনন্দিন কাজের জন্য এটি একটি নির্দেশিকা যাতে আপনি প্রতিদিন নৈতিকতা ও সততার সাথে সিদ্ধান্ত গ্রহন করতে পারেন। অনুগ্রহ করে এটি পড়ুন, বুঝুন এবং ব্যবহার করুন। আমরা আপনাকে সঠিক সিদ্ধান্ত নিতে এবং আমাদের মূল্যবোধ অনুযায়ী জীবন যাপন করতে ক্ষমতায়িত করতে চাই , যাতে একসাথে আমরা একটি উন্নত বিশ্বকে বিদ্যুৎ সরবরাহ করতে এবং পরিবর্তনের শক্তিকে চালিত করতে পারি।



**SCOTT STRAZIK**
প্রধান নির্বাহী কর্মকর্তা,
GE Vernova (জিই ভার্নোভা)



**ELIZABETH MCBRIDE**
প্রধান কমপ্লায়েন্স কর্মকর্তা,
GE Vernova (জিই ভার্নোভা)



# আচরণবিধি কী এবং এটি কাদের জন্য?

আচরণবিধি হল আমাদের দিকনির্দেশক। আমরা কীভাবে কাজ করি এটি তা নির্দেশ করে এবং আমাদের সকলের জন্য প্রযোজ্য। এটি আমাদের জানা উচিত, বোঝা উচিত এবং অনুসরণ করা উচিত।

GE Vernova (জিই ভার্নোভা)-এর লক্ষ্য হলো বিদ্যুতায়নের মাধ্যমে সমৃদ্ধি অর্জন এবং কার্বনমুক্তকরণ, আরও নির্ভরযোগ্য, সাশ্রয়ী ও টেকসই শক্তিতে রূপান্তরকে ত্বরান্বিত করা। আমরা এটি সততা ও নৈতিকতার সাথে, উদ্ভাবনের মাধ্যমে এবং এক টিম হিসেবে করে থাকি।

আমাদের সাফল্য নির্ভর করে বিশ্বজুড়ে আমাদের সমস্ত কর্মীর GE Vernova (জিই ভার্নোভা) পদ্ধতিতে কাজ করার প্রতিশ্রুতির উপর। এই পাঁচটি নীতি আমাদের উদ্দেশ্য অর্জনের, অংশীদারদের জন্য মূল্য বৃদ্ধির ও পরিমাপযোগ্য, টেকসই সাফল্য অর্জনের জন্য অনন্য উপায়কে প্রতিফলিত করে।

## আমাদের GE VERNOVA (জি ই ভার্নোভা) পদ্ধতি

**আমরা উদ্ভাবনকে এগিয়ে নিয়ে যাই**
বিশ্বকে বিদ্যুতায়িত এবং কার্বনমুক্ত করার জন্য যা কিছু করি তার সবকিছুতেই

**আমরা আমাদের গ্রাহকদের গর্বের সাথে**
এবং পারস্পরিক সাফল্য এবং দীর্ঘমেয়াদী প্রভাবের উপর মনোযোগ দিয়ে সেবা করি

আমরা প্রতিদিন আরও ভালো করার জন্য নিজেদেরকে চ্যালেঞ্জ জানাই
**লীন (LEAN) হলো আমাদের কাজের পদ্ধতি**

আমরা গণ্ডি ভেঙে ফেলি এবং সীমান্ত পার করি যেন
**এক দল হয়ে জিততে পারি**

**আমরা ব্যক্তিগত এবং সম্মিলিতভাবে জবাবদিহি করি**
আমাদের উদ্দেশ্য এবং প্রতিশ্রুতি পূরণের জন্য

### *এটি কী?*

এই আচরণবিধি হল সততা ও নৈতিকতার সংস্কৃতিতে সমৃদ্ধ হওয়ার জন্য আমাদের নির্দেশিকা যাতে আমরা প্রতিদিন GE Vernova (জিই ভার্নোভা) পদ্ধতিতে জীবনযাপন করতে পারি - আমদের কথা বলা, আচরণ এবং সিদ্ধান্ত নেয়ার মাধ্যমে।

এটি আমাদের নিজেদের এবং, অন্যদের সাথে আচরণ ও আমাদের কোম্পানির মূল্যবোধ সমুন্নত রাখার ক্ষেত্রে একটি স্পষ্ট প্রত্যাশা নির্ধারণ করে। এটি আমাদের মূল্যবোধকে বাস্তব জীবনের আচরণের সাথে সংযুক্ত করে, আমাদেরকে সঠিক কাজকরতে সাহায্য করে, এমনকি যখন এটি করা সহজ নয় তখনও।

আমাদের আচরণবিধি আমরা যেখানে কাজ করি সেই প্রতিটি দেশের আইন এবং বিধি মেনে চলার জন্য আমাদের যৌথ দায়িত্বকেও আরও মজবুত করে। এই প্রতিশ্রুতি আমাদের একে অপরের সাথে, আমাদের বিশ্বস্ত ব্যবসায়িক অংশীদারদের সাথে এবং বিশ্বের যে সকল দেশএবং কমিউনিটিগুলিতে আমরা বাস করি ও পরিচালনা করি তাদের সাথে আমাদের সম্পর্কে সততার সাথে কাজ করার প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

যদিও এই আচরণবিধি প্রতিটি সম্ভাব্য পরিস্থিতির জন্য নির্দেশিকা দেয়না, সমাধান করে না তবুও এটি আপনাকে GE Vernova (জিই ভার্নোভা)-তে কাজ করার সময় নৈতিক সিদ্ধান্ত গ্রহণের নীতি দিয়ে সজ্জিত করে। আমাদের নীতিমালা আমাদের প্রত্যাশা পূরণের সুনির্দিষ্ট তথ্য প্রদান করে এবং প্রযোজ্য নীতিমালার লিঙ্ক সম্পর্কিত প্রতিটি বিভাগে প্রদান করা হয়। কোনো সন্দেহ থাকলে নির্দেশনার জন্য সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করুন।

### *এটি কার জন্য?*

এই আচরণবিধি এবং এর সাথে সম্পর্কিত নীতিমালা আমাদের জন্য কাজ করে বা আমাদের প্রতিনিধিত্ব করে এমন সকলের জন্যই প্রযোজ্য। এর মধ্যে রয়েছে GE Vernova (জিই ভার্নোভা)-এর পরিচালক, কর্মকর্তা, কর্মচারী, সহায়ক প্রতিষ্ঠান ও নিয়ন্ত্রিত সহযোগী সংস্থাগুলি।

পরামর্শদাতা, বিক্রয় প্রতিনিধি, পরিবেশক ও স্বাধীন ঠিকাদারদের মতো তৃতীয় পক্ষের সাথে কাজ করার সময় আমরা নিশ্চিত করি যে তারা GE ভার্নোভার আচরণবিধি ও নীতিমালার প্রাসঙ্গিক দিকগুলি বোঝে এবং মেনে চলে।

আমরা আশা করি যে সমস্ত কর্মচারী আমাদের আচরণবিধি ও প্রযোজ্য আইন মেনে চলবে, প্রতিটি সিদ্ধান্ত ও মিথস্ক্রিয়ায় সততার সাথে কাজ করবে।

যেসব কর্মচারী আচরণবিধির প্রয়োজনীয়তা মেনে চলবে না তাদের বিরুদ্ধে প্রযোজ্য স্থানীয় আইন, নীতি ও চুক্তি অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে যার মধ্যে চাকরির অবসান পর্যন্ত অন্তর্ভুক্ত থাকতে পারে।

### আরও নির্দেশিকা

→ **সরবরাহকারী, ঠিকাদার ও পরামর্শদাতাদের জন্য GE Vernova (জিই ভার্নোভা) ইন্টিগ্রিটি গাইড: GE Vernova (জিই ভার্নোভা) সরবরাহকারীর আচরণবিধি**

# আমাদের প্রত্যাশা

কোনো কাজ সঠিকভাবে সম্পন্ন করার অর্থ হল পেশাদারিত্ব, সততা ও নৈতিকতার সাথে নিজেদের পরিচালনা করা।

আমাদের পৃথিবী পরিবর্তন করার শক্তি আছে এবং এটি শুরু হয় কর্মক্ষেত্রে আমাদের আচরণ দিয়ে: প্রতিদিন সঠিকভাবে কাজ সম্পন্ন করার মধ্য দিয়ে। এর অর্থ হলো আমরা যা কিছু করি তাতে শ্রদ্ধা, দায়িত্ব ও নৈতিকতা থাকা উচিত।



## আমাদের প্রত্যাশা

# কর্মীদের দায়িত্ব

## সম্মানজনক কর্মক্ষেত্র গড়ে তোলা

কর্মী হিসেবে আমরা প্রত্যেকেই সর্বোচ্চ নৈতিক মান বজায় রাখতে এবং একটি সম্মানজনক কর্মক্ষেত্র তৈরি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করি।

GE Vernova (জিই ভার্নোভা) পদ্ধতির একটি নীতি হলো এক টিম হিসেবে জয়লাভ করা। আমাদের সকলেরই একটি নিরাপদ, ন্যায্য ও সম্মানজনক কর্মক্ষেত্রে পাওয়ার অধিকার রয়েছে, তাই আমরা জাতি, বর্ণ, ধর্ম, জাতীয় বা জাতিগত উৎস, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, যৌন অভিমুখিতা, বৈবাহিক অবস্থা, বয়স, অক্ষমতা, সামরিক অবস্থা বা আইন দ্বারা সুরক্ষিত অন্য কোনো বৈশিষ্ট্যের ভিত্তিতে যেকোনো ধরণের বৈষম্য, হেনস্থা, যৌন হয়রানি বা যেকোনো হয়রানি নিষিদ্ধ করি।

### বাস্তবে

আচরণবিধি মেনে চলার অর্থ হল আমাদের উচিত:

- **কাজের জন্য উপযুক্ত,** নিরাপদ, মনোযোগী এবং শারীরিক ও মানসিকভাবে সক্ষম থাকা
- এই আচরণবিধিসহ আমাদের কাজের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও নীতি **জানা এবং অনুসরণ** করা এবং সময়মতো প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন করা
- যখন কিছু ঠিক হচ্ছে না দেখায় বা ঠিক মনে না হয় তখন তা **জানানো**
- যেকোনো অভ্যন্তরীণ বা নিয়ন্ত্রক সংস্থার তদন্তে সম্পূর্ণ **সহযোগিতা করা**
- সরল বিশ্বাসে উদ্বেগ জানানো কারো বিরুদ্ধে কখনও **প্রতিশোধ না নেয়া**
- আপনার এলাকার এমন উন্নয়ন বা পরিবর্তন সম্পর্কে **সচেতন থাকুন** যা GE Vernova (জিই ভার্নোভা)-এর আইন এবং প্রবিধান মেনে চলার উপর প্রভাব ফেলতে পারে বা সুনামের ঝুঁকি বাড়াতে পারে।

**Q আমি যে দলটিকে সমর্থন করি, তাদের উপর কঠিন সময়সীমা পূরণের চাপ রয়েছে এবং একজন সুপারভাইজার সময় বাঁচাতে আমাদের পর্যালোচনা প্রক্রিয়ার একটি ধাপ এড়িয়ে যাওয়ার ইঙ্গিত দিয়েছেন। এটা আমার সরাসরি দায়িত্ব নয় তবে আমি উদ্বিগ্ন। আমার কি কিছু বলা উচিত?**

হ্যাঁ। ভূমিকা বা রিপোর্টিং লাইন নির্বিশেষে কোম্পানির অখণ্ডতা রক্ষা করার জন্য আমাদের সকলের যৌথ দায়িত্ব রয়েছে। যদি আপনি সম্ভাব্য সংক্ষিপ্ত পথ (শর্টকাট) বা আচরণ সম্পর্কে সচেতন থাকেন যা বিধি-বিধান বা নীতিমালা অমান্য করার ঝুঁকি তৈরি করতে পারে, বিশেষ করে যদি এটি নিরাপত্তা বা মানের উপর প্রভাব ফেলতে পারে, তাহলে আপনাকে কেবল উৎসাহিত করা হবে না বরং উদ্বেগ উত্থাপন করারও প্রত্যাশা করা হচ্ছে। আপনি সরাসরি জড়িত না থাকলেও আপনার নীরব থাকা কোম্পানিকে ঝুঁকির মুখে ফেলে।

### আরও নির্দেশিকা

- GE Vernova (জিই ভার্নোভা)-এর পথ
- সম্মানজনক কর্মক্ষেত্র নীতি

## আমাদের প্রত্যাশা

# পিপল লিডারের দায়িত্ব

## সততার সংস্কৃতি গড়ে তোলা



পিপল লিডাররা প্রত্যাশা স্থাপন ও শক্তিশালীকরণ এবং উদাহরণ দিয়ে নেতৃত্ব দেওয়ার মাধ্যমে আমাদের সংস্কৃতিকে রূপ দেন।

GE Vernova (জিই ভার্নোভা) তার পিপল লিডারদেরকে বিধি-বিধান বা নীতিমালা মান্যকরার সংস্কৃতি গড়ে তোলার জন্য দায়বদ্ধ করে এবং এর মধ্যে রয়েছে সততার সাথে নেতৃত্ব দেওয়া, উদাহরণ যোগ্য আচরন প্রদর্শন করা, GE Vernova (জিই ভার্নোভা) পথকে বাস্তবায়িত করা এবং সকলকে আচরণবিধি বুঝতে এবং অনুসরণ করতে সহায়তা করা। যেহেতু পিপল লিডাররা অন্যদের জন্য মানদণ্ড নির্ধারণ করে তাই তাদের সততার সাথে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে আরও উচ্চতর মানদন্ডে রাখা হয়।

### বাস্তবে

আচরণবিধি মেনে চলার অর্থ হলো:

- **এমন কর্মক্ষেত্র গড়ে তোলা** যেখানে বৈষম্য, হেনস্থা বা হয়রানি সহ্য করা হয় না
- সিদ্ধান্ত, কর্ম এবং যোগাযোগের ক্ষেত্রে **নীতিবান হওয়া** এবং অভ্যন্তরীণ সময়সীমা, গ্রাহকের চাহিদা বা কর্মক্ষমতা পরিমাপক পূরণের জন্য কখনও সততা ও নৈতিকতার সাথে আপস না করা
- সকলের কাছ থেকে প্রশ্ন, উদ্বেগ এবং মতামত জানাতে উৎসাহিত করে **আস্থা তৈরি করা**
- সমস্যা দেখা দিলে **দ্রুত ও নিষ্ঠার সাথে কাজ করা** এবং কী করতে হবে তা নিশ্চিত না হলে সাহায্য চাওয়া
- টিমের জন্য **স্পষ্ট প্রত্যাশা নির্ধারণ করা** এবং তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা
- **নীতিমালা ও আচরণবিধি লঙ্ঘন প্রতিরোধ, সনাক্তকরণ, উর্ধ্বতন পর্যায়ে অবহিত করা** এবং প্রতিক্রিয়া জানানো
- **উন্মুক্ত রিপোর্টিং ব্যবস্থা** উৎসাহিত করা এবং কর্মীরা যাতে জানেন কীভাবে কোনো উদ্বেগের কথা জানাতে হয় তা নিশ্চিত করা

**Q আমার একজন কর্মচারী এমন পরিস্থিতির কথা জানিয়েছেন যা নীতি লঙ্ঘনের দিকে ঠেলে দেয় না তবে আচরণের একটি বিরক্তিকর ধরণ নির্দেশ করে। কোনো আনুষ্ঠানিক নিয়ম ভাঙা হচ্ছে না - আমার কি তখনও এটি নিয়ে আরও কিছু করার দরকার আছে?**

হ্যাঁ। একজন লিডার হিসেবে আপনার কাছ থেকে আশা করা হয় যে আপনি সম্ভাব্য অসদাচরণ বা কর্মক্ষেত্রের সমস্যার প্রাথমিক লক্ষণগুলি সনাক্ত করবেন এবং যথাযথভাবে উদ্বেগগুলি জানাবেন - এমনকি যখন সেগুলি অস্পষ্ট বলে মনে হয়। আপনার ভূমিকার মধ্যে রয়েছে সম্মানজনক কর্মক্ষেত্র ও নীতিগত সংস্কৃতি গড়ে তোলা, কর্মীদের প্রতিশোধ থেকে রক্ষা করা এবং সঠিক অংশীদারদের দ্বারা ও সঠিক অভ্যন্তরীণ প্রক্রিয়ার মাধ্যমে সমস্যা সমাধান নিশ্চিত করা। "কম ঝুঁকিপূর্ণ" বলে মনে হওয়া ধরণকে উপেক্ষা করলে সময়ের সাথে সাথে আরও বড় সমস্যা তৈরি হতে পারে তাই আগেভাগে এবং ঘন ঘন সমস্যাগুলি জানান।

### আরও নির্দেশিকা

→ সততার জন্য পিপল লিডারের নির্দেশিকা

# নীতিগত সিদ্ধান্ত নেওয়া

জবাবদিহিতার সংস্কৃতি অনুযায়ী জীবনযাপন শুরু হয় সেই চিন্তাশীল ও নীতিনিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ থেকে, যার পেছনে আমরা দৃঢ়ভাবে দাঁড়াতে পারি।

কখনও কখনও যখন আমাদের সিদ্ধান্ত নিতে হয় তখন সঠিক পথ স্পষ্ট নাও হতে পারে। আমরা হয়তো নিশ্চিত নই যে কীভাবে নীতি ব্যাখ্যা করতে হবে বা প্রয়োগ করতে হবে বা আমাদের নীতির সাথে সাংঘর্ষিক কঠিন পরিস্থিতি কীভাবে পরিচালনা করতে হবে তা নিয়ে আমরা দ্বন্দ্ব বোধ করতে পারি।

জটিলতা যাই হোক না কেনো আমরা প্রত্যেকেই আমাদের পছন্দের জন্য দায়ী।

জবাবদিহিতা মানে আমাদের কর্মকাণ্ডের মালিকানা এবং নিশ্চিত করা যে সেগুলি আমাদের কোম্পানির মূল্যবোধ ও আমাদের উপর আস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ। পরবর্তী পৃষ্ঠায় আমাদের সঠিক ফলাফলে পৌঁছাতে সাহায্য করার জন্য সিদ্ধান্ত গ্রহণের নির্দেশিকা তৈরি করা হয়েছে - যা আমাদের সততার সংস্কৃতি বজায় রাখে এবং আমাদের লক্ষ্য এবং ব্র্যান্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ।



# সিদ্ধান্ত গ্রহণের নির্দেশিকা

## অনিশ্চিত

সহায়তার জন্য বলুন। সঠিক পথ খুঁজে নিন। সিদ্ধান্তটি আমাদের মূল্যবোধ, আইন, নীতিমালা ও পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিশ্চিত না হওয়া পর্যন্ত কোনো পদক্ষেপ নেবেন না।

জানতে চান। কোনো পদক্ষেপ নেওয়ার আগে, আপনার কাজের ফলে তৈরি হওয়া ধারণা (perceptions) এবং এর প্রভাব বা পরিণতি (implications) সম্পর্কে অবগত হোন আপনার কাজ যদি জনসমক্ষে প্রকাশ পায় তাহলে অন্যরা সেগুলোকে কীভাবে দেখবে তা ভেবে দেখুন।

?

**১**

এটা কি আমাদের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ?

এটি কি আইন, আমাদের নীতিমালা ও পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ?

**হ্যাঁ:** পরবর্তী প্রশ্ন

**২**

এটা কি ঠিক মনে হচ্ছে?আপনার কার্যকলাপ যদি জনসমক্ষে আসে তাহলে কী হবে?

এটি কি GE Vernova (জিই ভার্নোভা) এবং আপনার ব্যক্তিগত সুনামের উপর ইতিবাচক প্রভাব ফেলে?

**হ্যাঁ:** পরবর্তী প্রশ্ন

**৩**

আপনি কি এই সিদ্ধান্তের জন্য দায়বদ্ধ হতে চান?

**হ্যাঁ:** পরবর্তী প্রশ্ন

✓

**চালিয়ে যান।**

×

## না

থামুন। কোনো ব্যতিক্রম নেই।

সহায়তার জন্য বলুন, আপনার পিপল লিডার বা নৈতিকতা ও কমপ্লায়েন্স দলের কাছে এটি জানান বা অন্য কোনো উপায় খুঁজে বের করুন।

# উদ্বেগ জানান

আপনার মতামত গুরুত্বপূর্ণ। উদ্বেগ উত্থাপন করা সহজ ও সরল এবং সকল কর্মীর কাছ থেকে এটি প্রত্যাশিত।

মতামত প্রকাশ করা আমাদের সততার সংস্কৃতির ভিত্তি। আমরা কীভাবে নৈতিকভাবে এবং পারস্পরিক শ্রদ্ধার সাথে একসাথে কাজ করি এটি তার একটি স্তম্ভ। কথা বলার সংস্কৃতি হলো এমন পরিবেশ তৈরি করা যেখানে প্রতিটি ব্যক্তির মতামতের মূল্য দেওয়া হয়। যখন একজন ব্যক্তি কোনো অনিয়মের বিরুদ্ধে কথা বলেন (Speak up), তখন তা অন্যদেরও মুখ খোলার পথ প্রশস্ত করে দেয়

আস্থা তৈরির জন্য আমাদের সঠিক কাজটি করা এবং আমাদের যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে কথা বলা প্রয়োজন। যদি আপনি সঠিক কাজ না জানেন তাহলে আপনার পিপল লিডার বা নৈতিকতা ও কমপ্লায়েন্স টিমের কাছ থেকে পরামর্শ নিন।



# উদ্বেগ জানান

যদি আপনি এমন কোনো কার্যকলাপ দেখেন, সন্দেহ করেন বা আমাদের আচরণবিধি, নীতিমালা বা আইন লঙ্ঘন বা সম্ভাব্য লঙ্ঘন করে এমন কোনো কার্যকলাপ সম্পর্কে আপনাকে বলা হয় তাহলে অবশ্যই তা জানাতে হবে। অন্য দিকে তাকানো বা অন্য কাউকে নেতৃত্ব দিতে দেওয়া সহজ মনে হতে পারে তবে অনৈতিক বা বেআইনি আচরণ আমাদের সকলকে প্রভাবিত করে এবং কোম্পানিকেও এটি প্রভাবিত করে।

যখন কোম্পানির কোনো তদন্ত চলে তখন কর্মীদের কাছ থেকে সম্পূর্ণ ও সততার সাথে সহযোগিতা আশা করা হয়। এর মধ্যে থাকতে পারে সাক্ষাৎকারে অংশগ্রহণ করা, সততার সাথে প্রশ্নের উত্তর দেওয়া বা অনুরোধ করা নথি ও তথ্য সরবরাহ করা। যেখানে ব্যবসা-সংক্রান্ত যোগাযোগ ও রেকর্ড রয়েছে, সেই তথ্য, একাউন্ট ও ডিভাইসে কোম্পানির প্রবেশাধিকার নিশ্চিত করাও এর অন্তর্ভুক্ত। সহযোগিতা নিশ্চিত করতে সাহায্য করে যে সমস্যাগুলো সময়মতো, সম্পূর্ণ ও সঠিকভাবে পর্যালোচনা করা হয়। সহযোগিতা করতে ব্যর্থ হলে তদন্ত প্রক্রিয়ার সততা ব্যাহত হতে পারে।

## উদ্বেগ প্রকাশ করুন

আমাদের ইন্টিগ্রিটি পোর্টাল, ইমেইল বা হটলাইন

আপনার ন্যায়পাল (ওম্বুডস্পারসন)

পিপল লিডার

মানব সম্পদ

নৈতিকতা ও কমপ্লায়েন্স

লিগ্যাল

### *জানা ভালো*

উদ্বেগের ধরণের উদাহরণ:

- কোনো সহকর্মীর জাতি, লিঙ্গ বা ধর্ম সম্পর্কে বারবার আপত্তিকর রসিকতা বা মন্তব্য করে কর্মক্ষেত্রে প্রতিকূল পরিবেশ তৈরি করা
- নিয়মবহির্ভূত আয় স্বীকৃতি বা অন্যান্য আর্থিক প্রতিবেদন সংক্রান্ত সমস্যা
- সরবরাহকারী নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করা হয়নি
- কোনো সুপারভাইজারের কোনো কর্মীর প্রতি অবাঞ্ছিত আগ্রহ দেখানো বা এই ধরনের আচরণ গ্রহণের উপর নির্ভর করে পদোন্নতি হবে এমন ইঙ্গিত দেওয়া
- নিরাপত্তা বা কমপ্লায়েন্স সমস্যা নিয়ে কাজ বন্ধ করার কারণে প্রতিশোধ নেওয়া
- সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্ব



# উদ্বেগ জানান

আপনি যদি চান তাহলে বিদ্যমান যেকোনো চ্যানেলের মাধ্যমে বেনামে উদ্বেগ উত্থাপন করতে পারেন - আমরা সকল উদ্বেগকে গুরুত্ব সহকারে নিই তা নাম প্রকাশ না করেই হোক বা বেনামে। আপনি আপনার নাম শেয়ার করতে স্বাচ্ছন্দ্য বোধ করলে আমরা আপনার প্রশ্নের উত্তর দিতে এবং আপনাকে অবস্থা সম্পর্কে অবহিত রাখতে পারব। আপনার পরিচয় যথাসম্ভব গোপন রাখা হবে। যদি আপনি বেনামে কোনো উদ্বেগ জানাতে চান তাহলে যতটা সম্ভব বিস্তারিত তথ্য প্রদান করুন (যেমন, নাম/SSO, অবস্থান ও অন্যান্য প্রাসঙ্গিক বিবরণ ইত্যাদি)।

## *কথা বলার জন্য সুরক্ষা*

তালিকাভুক্ত চ্যানেলগুলির মাধ্যমে সরল বিশ্বাসে প্রশ্ন জিজ্ঞাসা করলে বা উদ্বেগ জানালে আমরা যে কোনো কর্মীর বিরুদ্ধে প্রতিশোধ নিষিদ্ধ করি। প্রতিশোধমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা কর্মীদের বিরুদ্ধে আমরা যথাযথ ব্যবস্থা নেব যার মধ্যে চাকরির সমাপ্তি পর্যন্ত অন্তর্ভুক্ত থাকবে। যদি আপনার মনে হয় যে আপনার বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া হয়েছে তাহলে অনুগ্রহ করে অবিলম্বে নৈতিকতা ও কমপ্লায়েন্সের সাথে যোগাযোগ করুন।

## তদন্ত প্রক্রিয়া[১]

**১ উদ্বেগ প্রকাশ করা হয়েছে**

কর্মী যেকোনো একটি মাধ্যমে উদ্বেগ জানায়। Ombudsperson (ওম্বুডস্পারসন)-এর কাছ থেকে উদ্বেগের প্রাপ্তি স্বীকার গ্রহণ করে।

**২ তদন্তকারী নিযুক্ত করা হয়েছে**

উদ্বেগ রেকর্ড করা এবং একজন তদন্তকারী নিয়োগ করা হবে।

**৩ তদন্ত পরিচালনা করুন**

তদন্তকারী সাক্ষাৎকার নেবেন, প্রমাণ সংগ্রহ করবেন এবং প্রাথমিক প্রতিবেদনে পাওয়া তথ্য অনুযায়ী সম্ভব হলে ফলাফলের সারসংক্ষেপ তৈরি করবেন।

**৪ প্রাপ্ত ফলাফল নথিভুক্ত করা হয়েছে**

তদন্তের সমাপনী প্রতিবেদনে তদন্তে প্রাপ্ত সমস্ত ফলাফল নথিভুক্ত করা হবে।

**৫ সংশোধনমূলক পদক্ষেপেরসুপারিশ করা হয়েছে[২]**

সংশোধনমূলক পদক্ষেপের জন্য HRM এবং/অথবা পিপল লিডারকে সুপারিশ করা হবে।

**৬ উদ্বেগ জানানো ব্যক্তিকে প্রতিক্রিয়া জানানো**

উদ্বেগ উত্থাপনকারী যোগাযোগের তথ্য প্রদান করলে যতদূর সম্ভব প্রতিক্রিয়া প্রদান করা হবে।

১ নৈতিকতা ও কমপ্লায়েন্স টিম অভিযোগ নিষ্পত্তির গড় দিনগুলো ট্র্যাক করে এবং 60 দিনের মধ্যে সম্পন্ন করার লক্ষ্য নির্ধারণ করে।

২ সকল সততা সংক্রান্ত উদ্বেগের ফলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয় না। অনেক ক্ষেত্রে কোচিং, যোগাযোগ, প্রশিক্ষণ বা প্রক্রিয়াগত উন্নতির মাধ্যমে সমস্যার সমাধান হয় যা কোম্পানিকে কর্মীদের জন্য আরও নিরাপদ জায়গা হিসেবে গড়ে তুলতে সাহায্য করে।

# উদ্বেগ জানান

**Q আমি কর্মক্ষেত্রে এমন কিছু দেখেছি বা অভিজ্ঞতা অর্জন করেছি যা সঠিক বলে মনে হয়নি তবে কার কাছে এটি উত্থাপন করব তা নিশ্চিত ছিলাম না। যোগাযোগ করার জন্য সঠিক ব্যক্তিকে আমি কীভাবে জানব?**

এটি পরিস্থিতির প্রকৃতি ও জরুরিতার উপর নির্ভর করে:

**জরুরি অবস্থা বা নিরাপত্তা হুমকির ক্ষেত্রে** যেমন সক্রিয় বন্দুকবাজ, অনুপ্রবেশকারী বা অপরাধমূলক কার্যকলাপের ক্ষেত্রে **অবিলম্বে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা বা জরুরি উদ্ধারকর্মী প্রতিক্রিয়াকারীদের সাথে যোগাযোগ করুন।** । নিজের এবং আপনার চারপাশের লোকদের নিরাপত্তা সর্বদা আপনার প্রথম অগ্রাধিকার হওয়া উচিত।

**প্লাবিত পার্কিং লট, ভাঙা নিরাপত্তা সরঞ্জাম** বা ত্রুটিপূর্ণ প্রবেশ ব্যবস্থার মতো কার্যকরী বা সাইট-স্তরের সমস্যার জন্য **আপনার সাইট লিডার বা প্ল্যান্ট ম্যানেজমেন্টকে** সমস্যাটি জানান যাতে এটি স্থানীয়ভাবে সমাধান করা যায়।

**আন্তঃব্যক্তিক বা কর্মচারী-সম্পর্কের ধরণের ক্ষেত্রে** আমরা প্রাপ্তবয়স্কদের সাথে প্রাপ্তবয়স্কদের খোলামেলা সংলাপকে উৎসাহিত করি। সম্ভব হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে সরাসরি সম্মানজনকভাবে মতামত দিন, অথবা তাৎক্ষণিকভাবে সমস্যার সমাধানের জন্য আপনার পিপল লিডারের কাছ থেকে নির্দেশনা নিন। যদি আচরণ পরিবর্তন না হয় বা উদ্বেগ অব্যাহত থাকে তাহলে উপযুক্ত মাধ্যমে জানান।



আপনার কাছ থেকে কখনোই নিজে নিজে আইন ব্যাখ্যা করা বা নিজের মতো করে আইনি সিদ্ধান্ত নেওয়ার প্রত্যাশা আশা করা হয় না। আমরা যা প্রত্যাশা করি তা হলো আপনি এমন পরিস্থিতিগুলি সনাক্ত করুন যেখানে কোনো আইন, বিধিমালা বা নীতি প্রযোজ্য হতে পারে এবং নিজে থেকে এটি সমাধান করার চেষ্টা করার পরিবর্তে সহায়তা চাইবেন। আপনি ইন্টিগ্রিটি পোর্টালে গিয়ে বা আপনার ডেস্কটপে "উদ্বেগ প্রকাশ করুন" আইকনে ক্লিক করে শুরু করতে পারেন।




## আরও নির্দেশিকা

- আমাদের ইন্টিগ্রিটি পোর্টালের মাধ্যমে উদ্বেগ জানান
- আপনার ন্যায়পাল (ওম্বুডস্পারসন) খুঁজে নিন
- উন্মুক্ত রিপোর্টিং সংক্রান্ত প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলি
- হটলাইন নম্বর



# সৎ ও ন্যায্যভাবে ব্যবসা করা

আমরা নিয়ম মেনে চলি এবং নৈতিকতার সাথে আমাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করি যাতে আমাদের বা আমাদের সংশ্লিষ্ট কারো জন্য কোনো অন্যায্য সুবিধা না থাকে।

ব্যবসা করার ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গি বিশ্বব্যাপী থেকে স্থানীয় প্রতিটি স্তরেই সম্পূর্ণ নৈতিক। আমাদের কার্যক্রম রক্ষা ও আমাদের সুনাম বজায় রাখার জন্য আমরা দুর্নীতি, পক্ষপাতিত্ব বা অযৌক্তিক সুবিধার উপস্থিতিও এড়িয়ে চলি।

সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# স্বার্থের দ্বন্দ্ব

আমরা ব্যক্তিগত স্বার্থকে আমাদের পেশাগত দায়িত্ব থেকে আলাদা রাখি।

আমরা আমাদের আচরণের পাশাপাশি যোগাযোগের ক্ষেত্রে স্বচ্ছতাকে অগ্রাধিকার দিয়ে থাকি এবং আমরা এমন বাহ্যিক এবং অভ্যন্তরীণ স্বার্থ এড়িয়ে চলি যা কোম্পানির স্বার্থের সাথে সাংঘর্ষিক হতে পারে বা এমন ধারণা তৈরি করতে পারে যে আমরা কোম্পানির স্বার্থের চেয়ে ব্যক্তিগত স্বার্থকে বেশি প্রাধান্য দিচ্ছি।

যখন ব্যক্তিগত অগ্রাধিকার যেমন ব্যবসায়িক কার্যকলাপ বা GE Vernova (জিই ভার্নোভা)-এর বাইরের সম্পর্ক বা অন্যান্য কর্মচারী, গ্রাহক বা সরবরাহকারীদের সাথে ব্যক্তিগত সম্পর্ক, কর্মক্ষেত্রে আমাদের সিদ্ধান্তের প্রতি পক্ষপাতদুষ্ট হতে পারে বা পক্ষপাতদুষ্ট অনুভূত হতে পারে, তখন স্বার্থের দ্বন্দ্ব দেখা দেয়। এ ধরনের পরিস্থিতি প্রকাশ করা আমাদের কর্তব্য।

বিদ্যমান বা সম্ভাব্য স্বার্থের সংঘাত ব্যবস্থাপনার উদ্দেশ্যে, নির্ধারিত ‘Conflict of Interest’ ফর্ম পূরণের মাধ্যমে তা প্রকাশ করতে হবে। এটি কেবল চাকুরিতে যোগদানের সময় নয়, GE Vernova (জিই ভার্নোভা)-তে আপনার চাকুরিকালীন পুরো সময়কালের জন্য প্রযোজ্য। সম্ভাব্য দ্বন্দ্ব প্রকাশ করার অর্থ এই নয় যে কেউ কিছু ভুল করেছে তবে এটি আমাদের স্বচ্ছ হতে এবং যেকোনো ঝুঁকি ব্যবস্থাপনা করতে সাহায্য করে।

### প্রকৃত বা সম্ভাব্য দ্বন্দ্বের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- এমন কোম্পানিতে আর্থিক স্বার্থ যেখানে আপনি GE Vernova (জিই ভার্নোভা)-এর ব্যবসা থেকে উপকৃত হতে পারেন
- ঘনিষ্ঠ বন্ধু বা পরিবারের সদস্যদের সাথে কাজ করা, নিয়োগ দেওয়া বা তত্ত্বাবধান করা
- বাইরের কর্মসংস্থান (বেতনভিত্তিক বা অবৈতনিক)
- বাহ্যিক বোর্ড সদস্যপদ
- সরবরাহকারীদের কাছ থেকে উপহার গ্রহণ

### জানা ভালো

যদি আপনি এমন কিছু নিয়ে কাজ করেন যা GE Vernova (জিই ভার্নোভা)-তে আপনার ভূমিকার সাথে সম্পর্কিত বা সম্পর্কিত বলে মনে করা যেতে পারে তাহলে কার্যকলাপটি প্রকাশ করা গুরুত্বপূর্ণ যাতে এটি কোনো দ্বন্দ্ব তৈরি না করে। সবচেয়ে ভালো উপায় হলো আপনার পিপল লিডার বা নৈতিকতা ও কমপ্লায়েন্স টিমের সাথে পরামর্শ করা এবং এগিয়ে যাওয়ার আগে তথ্য প্রকাশের নিয়মাবলী অনুসরণ করা।

**Q** **আমি GE Vernova (জিই ভার্নোভা)-এর ডিজিটাল ইঞ্জিনিয়ার এবং কাজের বাইরে আমি একটি ছোট স্টার্টআপের জন্য একটি ফিটনেস-ট্র্যাকিং অ্যাপ তৈরি করছি। এটি জ্বালানি শক্তির সাথে সম্পর্কিত নয় এবং আমি কেবল আমার ব্যক্তিগত সময়কালে এটি নিয়ে কাজ করি। কিন্তু অ্যাপটি আমার GE Vernova (জিই ভার্নোভা) ভূমিকায় আমি যা ব্যবহার করি তার অনুরূপ স্থাপত্য এবং সরঞ্জাম ব্যবহার করে। এটা কি কোনো সমস্যা?**

হতে পারে। এমনকি যদি শিল্পটি ভিন্নও হয় এবং আপনি নিজস্ব সময় নিয়ে কাজ করেন তবুও দক্ষতা ও প্রযুক্তির মিল বা কোম্পানির জ্ঞান, সরঞ্জাম বা সম্পদের অনুপযুক্ত ব্যবহার স্বার্থের দ্বন্দ্ব সম্পর্কিত উদ্বেগ তৈরি করতে পারে। কর্মীদের অ্যাপটি ব্যবহার করার জন্য অনুরোধ করাও আপনার নেটওয়ার্কের অনুপযুক্ত ব্যবহার বলে মনে হতে পারে।

### আরও নির্দেশিকা

→ স্বার্থের দ্বন্দ্ব সম্পর্কিত নীতি
→ স্বার্থের দ্বন্দ্ব প্রকাশ

## সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# উপহার, বিনোদন ও আতিথেয়তা

বিশ্বস্ত ব্যবসায়িক অংশীদার হিসেবে আমরা ব্যবসায়িক সৌজন্যকে আমাদের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ রাখি।

জ্বালানি খাতে ঘনিষ্ঠ গ্রাহক ও সরবরাহকারী সম্পর্ক গড়ে তোলা আমাদের লক্ষ্যকে ত্বরান্বিত করতে ও ইতিবাচক প্রভাব ফেলতে সাহায্য করে। কখনও কখনও আমরা উপহার প্রদান করি, কোনো অনুষ্ঠানে অবদান রাখি বা উপহার, ভোজন বা বিনোদনমূলক অভিজ্ঞতা গ্রহণ করি। এটি একটি গ্রহণযোগ্য ব্যবসায়িক প্রথা যা সম্পর্ক গড়ে তোলার জন্য তৈরি করা হয়েছে তবে আমরা অত্যধিক বিলাসবহুল বা অতিরিক্ত কিছু এড়িয়ে চলি কারণ এটি অনুপযুক্ত বা অযৌক্তিক প্রভাবের অবস্থানে থাকার ধারণা তৈরি করতে পারে।

ব্যবসায়িক সৌজন্যতা বৈধ সম্পর্ক গড়ে তোলার উদ্দেশ্যে ও প্রায়যশই ব্যবহৃত হয় তবে সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করার জন্যও এগুলি ব্যবহার করা যেতে পারে। আমরা বিশ্বাস করি যে সিদ্ধান্ত উপহার বা বিনোদনের দ্বারা প্ররোচিত নয় বরং প্রস্তাবের তথ্যের উপর ভিত্তি করে হওয়া উচিত।

আমরা যা গ্রহণ করি বা দেই তা যেন পক্ষপাতিত্ব বা প্রভাব বিস্তারের আভাস তৈরি না করে এবং ব্যবসায়িক বিনোদন সর্বদা উপযুক্ত ও পেশাদার থাকা উচিত।

কোনো ব্যবসায়িক সৌজন্যে অংশগ্রহণ করার আগে বা কোনো ব্যবসায়িক সৌজন্য প্রদানের আগে আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনি কোম্পানির নির্দেশিকা ও প্রাসঙ্গিক নিয়ন্ত্রক মান অনুসারে প্রয়োজনীয় অনুমোদন পেয়েছেন। এই সতর্কতা সম্ভাব্য স্বার্থের সংঘাত থেকে রক্ষা করতে সাহায্য করে এবং নিশ্চিত করে যে সকল কার্যক্রম নৈতিক ও নীতি অনুসৃতভাবে পরিচালিত।



### *জানা ভালো*

ব্যবসা শেষ হওয়ার পরেও উপহার কীভাবে দেখা হতে পারে তা সর্বদা বিবেচনা করুন এবং স্বচ্ছতা ও সততাকে অগ্রাধিকার দিন।

## সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# উপহার, বিনোদন ও আতিথেয়তা

**Q আমাদের কোনো সরবরাহকারীর সাথে চুক্তির আলোচনা সবেমাত্র শেষ হয়েছে এবং তারা আমাকে সামনের সারির কনসার্টের টিকিট দিয়ে ধন্যবাদ জানাতে চায়। যেহেতু চুক্তিটি সম্পন্ন হয়েছে তাই কি এটি গ্রহণ করা ঠিক হবে?**

না। চুক্তি চূড়ান্ত হলেও সরবরাহকারীদের কাছ থেকে দামি উপহার গ্রহণ করলে পক্ষপাতিত্ব বা অযৌক্তিক প্রভাবের ধারণা তৈরি হতে পারে এবং ফলে এটি কোম্পানির নীতি লঙ্ঘন করতে পারে। উপহার বিনয়ী, বিরল এবং উপযুক্ত হওয়া উচিত যাতে বিশ্বাস ও পেশাদারিত্ব বজায় থাকে। সন্দেহ হলে, যে কোনো উপহার অতিরিক্ত বা অযৌক্তিক বলে মনে হতে পারে—এমন উপহার গ্রহণের পূর্বে আপনার পিপল লিডার বা নৈতিকতা ও কমপ্লায়েন্স টিমের সাথে পরামর্শ করুন।

### কী গ্রহণযোগ্য এবং কী নয়

- ✓ প্রশিক্ষণ, পণ্য প্রদর্শন বা প্রচারমূলক কার্যকলাপের জন্য আমাদের সুবিধাস্থলে পরিদর্শনের সাথে সম্পর্কিত যুক্তিসঙ্গত খরচ
- ✓ পরিমিত বা প্রচলিত খাবার
- ✓ GE Vernova (জিই ভার্নোভা) ব্র্যান্ডের প্রচারমূলক সামগ্রী
- ✓ নামমাত্র মূল্যের উপহার গ্রহণ
- X নগদ বা নগদ সমতুল্য জিনিস যেমন উপহার কার্ড
- X একই প্রতিষ্ঠান থেকে বা একই প্রতিষ্ঠানকে ঘন ঘন উপহার
- X প্রাপ্তবয়স্কদের বিনোদন বা অন্য কোনো বিনোদন বা অনুষ্ঠান যা আমাদের সুনামের ক্ষতি করতে পারে এমনকি যদি তা স্থানীয় রীতিনীতিও হয়

### আরও নির্দেশিকা

- উপহার, বিনোদন ও আতিথেয়তার নীতি
- ব্যবসায়িক সৌজন্য নীতি
- স্বার্থের দ্বন্দ্ব প্রকাশ



## সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# ঘুষ-বিরোধী

আমাদের নৈতিকতার সংস্কৃতিতে ঘুষের কোনো স্থান নেই।

আমরা সর্বদা এবং কোনো ব্যতিক্রম ছাড়াই নৈতিক ব্যবসায়িক আচরণ বজায় রাখি। ঘুষ ও দুর্নীতি আইন, আমাদের নীতি ও আমাদের মূল্যবোধ লঙ্ঘন করে। ব্যবসা করার জন্য, ব্যবসা টিকিয়ে রাখার জন্য বা অন্যায্য সুবিধা অর্জনের জন্য আমরা কখনই মূল্যবান কিছু প্রদান করি না বা গ্রহণ করি না।

আমরা যেকোনো ধরনের ঘুষ গ্রহণের ঘটনা সহ্য করি না তা যে কোনো মানুষ জড়িত থাকুক বা সম্পর্কের ধারণাগত গুরুত্ব যাই হোক না কেন। আমাদের সাফল্য আমাদের পণ্য ও পরিষেবার মানের উপর নির্ভর করে - অনৈতিক বা অবৈধ আচরণের উপর নয়। ঘুষের মধ্যে উপহার, অর্থপ্রদান, বিনোদন, ভ্রমণ বা ব্যবসায়িকভাবে অনুপযুক্ত সহায়তা বা বিবেচনার আশায় বিনিময় করা মূল্যবান যেকোনো কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে এমনকি যদি বিনিময়ে কিছুই দেওয়া না হয়। GE Vernova (জিই ভার্নোভা) বিশ্বের প্রতিটি দেশে, সরকার এবং বেসরকারি উভয় ক্ষেত্রেই সকল ব্যবসায়িক লেনদেনে ঘুষ নিষিদ্ধ করে।

**Q পারমিট পাওয়ার প্রক্রিয়া চলাকালীন কোনো সরকারি কর্মকর্তা ইঙ্গিত দিয়েছিলেন যে স্থানীয় এজেন্টকে "ছোট বোনাস" আমাদের পারমিটের অনুমোদন প্রক্রিয়া দ্রুত করতে সাহায্য করতে পারে। অর্থপ্রদান সাধারণ একটি স্থানীয় রীতি বলে মনে করা হয় এবং আমাদের প্রতিযোগীরা অতীতে এই ধরনের ছোট অর্থপ্রদান করেছেন বলে গুজব রয়েছে। এগিয়ে যাওয়া কি ঠিক হবে?**

না। কোনো সিদ্ধান্তকে প্রভাবিত করার জন্য যে কোনো অর্থ প্রদান করা - প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো এজেন্টের মাধ্যমে - ঘুষ হিসাবে বিবেচিত হবে এবং এটি কঠোরভাবে নিষিদ্ধ। লাইসেন্স ও অনুমোদন প্রদানের ক্ষেত্রে স্থানীয়ভাবে এই ধরনের অভ্যাস সাধারণ হলেও আমরা যেখানেই কাজ করি না কেন আমরা নৈতিক মান বজায় রাখি। এই অর্থপ্রদানে জড়িত থাকা বা সহায়তা করা গুরুতর আইনি ক্ষতির ঝুঁকি বহন করে। সর্বদা এই ধরনের পরিস্থিতি নৈতিকতা ও কমপ্লায়েন্স বা আইন বিভাগে অবিলম্বে উত্থাপন করুন।



### আরও নির্দেশিকা

- ঘুষ-বিরোধী নীতি
- ব্যবসায়িক সৌজন্য নীতি

সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# সুষ্ঠু প্রতিযোগিতা

আমরা প্রতিযোগিতা করার জন্য প্রতারণা করি না তাই যখন আমরা জিতি তখন আমরা ন্যায্যভাবে জিতি।

প্রতিযোগিতামূলক বাজারে সফল নেতা হওয়ার অর্থ হলো নিয়ম মেনে খেলে জেতা। GE Vernova-এর জন্য অন্যায্য সুবিধা অর্জনের উদ্দেশ্যে মূল্যসংক্রান্ত তথ্যসহ গোপনীয় তথ্য সংরক্ষণ বা শেয়ার করা, অথবা গ্রাহক বা প্রতিযোগীদের সঙ্গে অনানুষ্ঠানিক সমঝোতায় জড়ানো— এগুলো প্রতারণার শামিল। আমরা আশা করি যে আমাদের কর্মীরা যেকোনো ধরনের অন্যায্য বা প্রতারণামূলক আচরণ এড়িয়ে প্রতিযোগিতা আইন মেনে চলবে। ন্যায্য এবং নৈতিক ব্যবসায়িক অনুশীলন বজায় রাখার জন্য প্রতিযোগিতা আইন মেনে চলা অপরিহার্য। আমরা আমাদের প্রতিযোগীদের অধিকারকে সম্মান করব এবং আমরা তাদের পণ্য অথবা পরিষেবা অথবা আমাদের নিজস্ব পণ্য সম্পর্কে ভুল বিবৃতি দেব না।

কর্মীদের এমন কোনো চুক্তি বা আচরণ যেমন মূল্য নির্ধারণ, বাজার বরাদ্দ অথবা দরপত্রে কারচুপি এড়িয়ে চলতে হবে যা বেআইনিভাবে প্রতিযোগিতাকে সীমাবদ্ধ করতে পারে।

কর্মীদের প্রতিযোগীদের সাথে সংবেদনশীল প্রতিযোগিতামূলক তথ্য নিয়ে আলোচনা করা থেকেও বিরত থাকা উচিত যার মধ্যে রয়েছে মূল্য নির্ধারণের কৌশল, উৎপাদন ক্ষমতা অথবা বাজারে প্রবেশ কৌশল। কোম্পানিটি যে সকল দেশে কাজ করে সেখানে প্রাসঙ্গিক প্রতিযোগিতা আইন মেনে চলা নিশ্চিত করার জন্য এটি বোঝা ও পদক্ষেপ নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমরা কেবল বৈধ ও সৎ উপায়ে প্রতিযোগিতামূলক তথ্য সংগ্রহ করি। আমরা কর্মীদেরকে পূর্ববর্তী নিয়োগকর্তার কাছ থেকে গোপনীয় তথ্য জানাতে বলব না। আমরা কোনো প্রতারণামূলক বা প্রভাবিত করার কৌশল অবলম্বন করব না বা কোনো অগ্রহণযোগ্য উৎস ব্যবহার করব না যার মধ্যে রয়েছে গোপনীয় নথি বা যোগাযোগ যা GE Vernova (জিই ভার্নোভা) বা নির্ধারিত প্রাপকের জন্য নয়।

আমরা মানসম্পন্ন পণ্য সরবরাহের মাধ্যমে বাজার ও ব্র্যান্ডের আনুগত্য গড়ে তুলি, অন্যায় অথবা প্রতিযোগিতা-বিরোধী অনুশীলনে জড়িত হয়ে নয়।



**Q আমি একজন গ্রাহকের সাথে কথা বলছি এবং তিনি আমাকে একটি প্রতিযোগীর মূল্যপ্রস্তাব দেখানোর প্রস্তাব দিচ্ছেন। আমার কী করা উচিত?**

বিনয়ের সাথে প্রত্যাখ্যান করুন। গোপনীয় হিসেবে চিহ্নিত কোনো নথি বা যা গোপনীয় বলে আপনার মনে হয়—এমন কোনো নথি কখনো গ্রহণ করবেন না। যদি আপনাকে গোপনীয় তথ্য পাঠানো হয়, উদাহরণস্বরূপ ইমেইলের মাধ্যমে তাহলে তা শেয়ার করবেন না। বিলম্ব না করে আইন বা নৈতিকতা ও কমপ্লায়েন্সের সাথে যোগাযোগ করুন - এক্ষেত্রে সময়-সংবেদনশীল রিপোর্টিংএর প্রয়োজনীয়তা থাকতে পারে।

## আরও নির্দেশিকা

→ সুষ্ঠু প্রতিযোগিতার নীতি

সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# আন্তর্জাতিকবাণিজ্য

## বাস্তবে

- নিশ্চিত করুন যে লেনদেনের সকল পক্ষের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়নি এবং চালানটি কোনো নিষেধাজ্ঞাযুক্ত দেশের উদ্দেশ্যে পাঠানো হয়নি।
- আমদানি এবং রপ্তানি সংক্রান্ত সমস্ত ব্যবসায়িক পদ্ধতি জানুন, বুঝুন এবং অনুসরণ করুন এবং কেবল GE Vernova (জিই ভার্নোভা)-অনুমোদিত কাস্টমস এজেন্টদের ব্যবহার করুন।
- পণ্যের সঠিকভাবে শ্রেণীবদ্ধকরণ সহ আমদানি লেনদেনের জন্য আপনার ব্যবসায়িক কাস্টম টিমকে সঠিক, সম্পূর্ণ এবং সময়মতো তথ্য সরবরাহ করুন।
- ছাড়যুক্ত শুল্ক হার দাবি করার আগে আন্তর্জাতিক বাণিজ্য নিয়ন্ত্রণ (ITC) টিমের সঙ্গে পরামর্শ করুন, যাতে বিশেষ প্রোগ্রামের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়।

আমরা সকল রপ্তানি নিয়ন্ত্রণ, অর্থনৈতিক নিষেধাজ্ঞা ও শুল্ক আইন এবং বিধি মেনে চলি।

আমরা ১০০ টিরও বেশি দেশে ব্যবসা পরিচালনা করি, তাই আমরা বিশ্বব্যাপী আমাদের পণ্য ও পরিষেবা ডিজাইন, তৈরি ও প্রেরণ করতে পারি তা নিশ্চিত করার জন্য বিশ্বজুড়ে আমদানি ও রপ্তানি আইন মেনে চলার ব্যাপারে সতর্ক থাকি। এর মধ্যে রয়েছে শুল্ক বিধিমালা, আমদানি ও রপ্তানি পদ্ধতি এবং বিশ্বব্যাপী রপ্তানি নিয়ন্ত্রণ বিধান মেনে চলা। মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক কোম্পানি হিসেবে আমরা মার্কিন সরকার কর্তৃক অনুমোদিত নয় এমন কোনো বয়কট বা অন্যান্য সীমাবদ্ধ বাণিজ্য অনুশীলনের সাথে সহযোগিতা করতে পারি না।

আমরা অনুমোদিত চ্যানেল ব্যবহার করে সঠিক শ্রেণীবিভাগ প্রয়োগ করে এবং নিয়মিতভাবে জড়িত সকল পক্ষের উপর যথাযথ পর্যবেক্ষণ পরিচালনা করে লেনদেন সঠিক, স্বচ্ছ এবং প্রাসঙ্গিক আইনের সাথে সঙ্গতিপূর্ণ তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ। আমরা যে সকল দেশে কাজ করি সেখানে নিষেধাজ্ঞা মেনে চলি। আমরা এটি দায়িত্বের সাথে ও যেকোনো লেনদেনে নিযুক্ত হওয়ার আগে করি। আমরা আশা করি আমাদের সকল কর্মচারী আমাদের পণ্য, পরিষেবা ও প্রযুক্তি সীমান্তের ওপারে স্থানান্তরের জন্য প্রয়োজনীয় নিয়ম-কানুন জানবেন, বুঝবেন এবং মেনে চলবেন।

### *আমদানি কী?*

এক দেশ থেকে অন্য দেশে কোনো বাস্তব পণ্যের প্রবেশ বা আগমন। আমদানি ও শুল্কসংক্রান্ত বিধান সাধারণত কেবল বাস্তব/দৃশ্যমান পণ্যের ক্ষেত্রেই প্রযোজ্য।

### *রপ্তানি কী?*

এক দেশ থেকে অন্য দেশে কোনো বস্তুগত জিনিস, সফটওয়্যার বা প্রযুক্তিগত তথ্য এবং প্রযুক্তির (জ্ঞানসহ) বহির্গামী স্থানান্তর, যার মধ্যে রয়েছে ইমেইল, ফাইল স্থানান্তর, সোর্স কোড কম্পাইলেশন এমনকি বস্তুগত জিনিসপত্র ছাড়াও মৌখিক আলোচনা। কিছু বিচারব্যবস্থায় একই দেশের মধ্যে ভিন্ন জাতীয়তার লোকেদের মধ্যে শারীরিকভাবে ঘটতে পারে (যেমন, একজন মার্কিন নাগরিক কর্মী একজন যুক্তরাজ্যের নাগরিক কর্মীর সাথে প্রযুক্তিগত নথি শেয়ার করছেন যারা শেয়ারের সময় উভয়ই মার্কিন যুক্তরাষ্ট্রেই অবস্থান করছেন)।

### *নিষেধাজ্ঞা কি?*

বিশেষ দেশ, সংস্থা বা ব্যক্তির সঙ্গে বাণিজ্যিক ও আর্থিক সম্পর্ক নিয়ন্ত্রণ বা বন্ধ করতে সরকার বা আন্তর্জাতিক সংস্থাগুলোর গৃহীত আইনগত ও বিধিবদ্ধ পদক্ষেপ।

## সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# আন্তর্জাতিকবাণিজ্য



**Q** **দীর্ঘদিনের এক সরবরাহকারী আমাকে জানিয়েছে যে তারা সম্প্রতি নতুন অংশীদার কোম্পানি অধিগ্রহণ করেছে। আমি এই অংশীদারের সাথে পরিচিত নই তবে সাম্প্রতিক অনুসন্ধান থেকে আমি জানতে পেরেছি যে তারা সরকারি নজরদারির তালিকায় রয়েছে। আমার কি তাদের সাথে কাজ চালিয়ে যাওয়া উচিত?**

না - এক্ষেত্রে থামা এবং আর অগ্রসর না হওয়াই উচিত। এমনকি যদিও তারা কোনো অংশীদারের মাধ্যমে পরোক্ষভাবে সংযুক্ত থাকে তবুও নিষেধাজ্ঞাপ্রাপ্ত সত্তার সাথে জড়িত থাকার ফলে কোম্পানিটি গুরুতর আইনি ও নিয়ন্ত্রক ঝুঁকির সম্মুখীন হতে পারে। আপনার অবিলম্বে আপনার পিপল লিডারকে জানানো উচিত এবং নৈতিকতা ও কমপ্লায়েন্স বা আইটিসি টিমকে পরিস্থিতি পর্যালোচনা করে পরবর্তী উপযুক্ত পদক্ষেপ নির্ধারণ করতে বলা উচিত। সতর্ক থাকা আমাদের ব্যবসাকে সুরক্ষিত করতে সাহায্য করে এবং আন্তর্জাতিক বাণিজ্য আইন মেনে চলা নিশ্চিত করে।

## আরও নির্দেশিকা

- আন্তর্জাতিক বাণিজ্য কমপ্লায়েন্সের নীতি
- ITC পোর্টাল

সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা

# সরবরাহকারীর সাথে সম্পৃক্ততা

আমরা বিশ্বব্যাপী সরবরাহকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি যাতে তারা আমাদের মতো একই নৈতিক মান মেনে চলে।

আমাদের সরবরাহকারীরা কেবল বিক্রেতাই নয়, তারা বিশ্বে নিরাপদ, উদ্ভাবনী এবং টেকসই সমাধান প্রদানের অংশীদার। এই কারণেই আমরা আশা করি আমাদের সমগ্র বৈশ্বিক সরবরাহ শৃঙ্খল নৈতিকতা, সততা এবং নিয়ম-অনুসরণের প্রতি আমাদের অঙ্গীকারকে সমানভাবে ধারণ করবে।

সরবরাহকারীদের কাছ থেকে আমাদের প্রত্যাশার মধ্যে রয়েছে মৌলিক মানবাধিকারের প্রতি শ্রদ্ধা, শ্রমিকদের সাথে ন্যায্য আচরণ, নিরাপদ এবং স্বাস্থ্যকর কর্মপরিবেশ ও কাজ জেতার জন্য ন্যায্য প্রক্রিয়া অনুসরণ করা।

যথাযথ যাচাই, নিয়মিত পর্যবেক্ষণ এবং Supplier Integrity Guide মেনে চলার মাধ্যমে আমাদের সোর্সিং টিম নিশ্চিত করে যে সরবরাহকারীরা আমাদের প্রত্যাশা পূরণ করছে। তবে সরবরাহ শৃঙ্খলে নৈতিকতা বজায় রাখা সকলের দায়িত্ব। সোর্সিং টিমের বাইরে থাকা কর্মীরাও কোনো বিষয় সঠিক মনে না হলে তা চিহ্নিত করা ও ঊর্ধ্বতন পর্যায়ে অবহিত করার ক্ষেত্রে ভূমিকা পালন করে।

আমরা কেবল সেই সরবরাহকারীদের ব্যবহার করি যারা সততার প্রতি আমাদের অঙ্গীকারে অংশীদার, যে পণ্য এবং পরিষেবাগুলির জন্য তাদের নির্বাচিত করা হয়েছে তা সরবরাহ করার জন্য যোগ্য এবং সমস্ত প্রযোজ্য আইন, প্রবিধান ও GE Vernova (জিই ভার্নোভা) নীতি মেনে চলে।

## বাস্তবে

- সরবরাহকারী সাইটগুলিতে অনিরাপদ কর্মপরিবেশ, পরিবেশগত ক্ষতি বা মানবাধিকার লঙ্ঘনের লক্ষণের মতো সম্ভাব্য বিপদের বিষয়ে সতর্ক থাকুন
- সঠিক গোপনীয়তা চুক্তি না থাকলে সরবরাহকারীদের সাথে গোপনীয় তথ্য অথবা ব্যক্তিগত তথ্য কখনও শেয়ার করবেন না
- সরবরাহকারী-সম্পর্কিত সমস্ত প্রশ্ন, উদ্বেগ বা কার্যক্রম যথাযথ সোর্সিং যোগাযোগ ব্যক্তির কাছে পাঠান এবং আমাদের সোর্সিং ও ক্রয় নীতি অনুসরণ করুন



## আরও নির্দেশিকা

- সরবরাহকারী সম্পর্ক নীতি
- সরবরাহকারী, ঠিকাদার ও পরামর্শদাতাদের জন্য GE Vernova (জিই ভার্নোভা) ইন্টিগ্রিটি গাইড: GE Vernova (জিই ভার্নোভা) সরবরাহকারীর আচরণবিধি
- সম্মানজনক কর্মক্ষেত্র নীতি
- মানবাধিকার নীতি

**সততা ও ন্যায্যতার সাথে ব্যবসা করা**

# সরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও সম্পৃক্ততা

কোনো প্রকার ব্যতিক্রম ছাড়া আমরা সরকারি প্রতিষ্ঠানের সাথে ব্যবসা করার সময় বিশ্বব্যাপী প্রযোজ্য আইন এবং বিধিবিধানের পাশাপাশি কোম্পানির নীতিমালাও মেনে চলি।

বিদ্যুতায়নের মাধ্যমে সমৃদ্ধি অর্জন ও কার্বনমুক্তকরণের লক্ষ্যে GE Vernova মার্কিন যুক্তরাষ্ট্র এবং সারা বিশ্বের সরকারি সংস্থাগুলোর সাথে জড়িত। এই অত্যন্ত নিয়ন্ত্রিত পরিবেশে আমাদের সম্পৃক্ততার ক্ষেত্রে একটি নৈতিক ও স্বচ্ছ দৃষ্টিভঙ্গি বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিভিন্ন দেশ ও অঞ্চলের নির্দিষ্ট ক্রয় আইন রয়েছে, তাই আমাদের তা বোঝার এবং মেনে চলার জন্য বিশেষ যত্ন নিতে হবে।

আমরা প্রথমে লিগ্যাল টিমের সঙ্গে সমন্বয় করার পরই কেবল সরকারি ব্যবসায় অগ্রসর হই। আমরা সরকার বা সরকার-সংযুক্ত প্রতিষ্ঠানের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে চুক্তিবদ্ধ হই না কেন আমরা কঠোর সতর্কতার নীতি অনুসরণ করি।

সরকারের সাথে কাজ করার সময় আমরা GE Vernova-এর ক্ষেত্রে প্রযোজ্য সমস্ত চুক্তির শর্তাবলী, আইন ও প্রবিধান মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ এবং সমস্ত সরকার বা সরকার-সংযুক্ত প্রতিষ্ঠানের সাথে লেনদেনের সময় আমরা সত্যবাদী ও নির্ভুল থাকি। আমরা আমাদের সরকারি ব্যবসায়িক কার্যক্রমকে কেন্দ্র করে এমন নিয়ন্ত্রণ ব্যবস্থা ও প্রক্রিয়া বজায় রাখি, যা ধারাবাহিকভাবে আমাদের নিয়ম-অনুসরণ (Compliance) নিশ্চিত করার জন্য প্রণীত।

**Q** **পূর্ববর্তী চাকরিতে আমার দেখা মার্কিন সরকারের প্রকৌশলী আমাকে আসন্ন প্রকল্পে সরকার যে নির্দিষ্ট মানদণ্ড ব্যবহার করবে সে সম্পর্কে অবহিত করার প্রস্তাব দিয়েছেন। সে চায় আমরা যেন চুক্তিতে ন্যায্য সুযোগ পাই। আমি কি তার প্রস্তাব গ্রহণ করতে পারি?**

কন্ট্র্যাক্টিং অফিসার তাকে এই ব্রিফিং দেওয়ার জন্য স্পষ্টভাবে অনুমোদন করেছেন কি না তা যাচাই না করে নয়। যদি তার অনুমোদন থাকে তাহলে আপনার কথোপকথনের লিখিত রেকর্ড তৈরি করা উচিত এবং জড়িত হওয়ার আগে লিগ্যালের সাথে পরামর্শ করা উচিত

### *সরকারি সত্তা কী?*

সরকারি সত্তা বলতে যেকোনো ফেডারেল, প্রাদেশিক/রাজ্য বা স্থানীয় সরকার এবং সেই সাথে যেকোনো বিভাগ, সংস্থা বা প্রতিষ্ঠানকেও বোঝায় যা এর অন্তর্গত বা এর দ্বারা নিয়ন্ত্রিত (যেমন রাষ্ট্রীয় মালিকানাধীন বা রাষ্ট্র-নিয়ন্ত্রিত সত্তা)। এর মধ্যে রয়েছে জাতিসংঘ ও বিশ্বব্যাংকের মতো সরকারি আন্তর্জাতিক সংস্থা এবং রাজনৈতিক দল। সরকারি পরিষেবা (যেমন ইউটিলিটি) প্রদানকারী বেসরকারি কোম্পানিগুলিও সরকারি ক্রয় বিধির আওতায় আসতে পারে। আমরা আমাদের, আমাদের গ্রাহকদের বা সরবরাহকারীদের ক্ষেত্রে প্রযোজ্য যেকোনো পাবলিক ক্রয় বিধি মেনে চলি।

## আরও নির্দেশিকা

→ **সরকারের নীতিমালা নিয়ে কাজ করা**



# জবাবদিহিতা নিশ্চিত করা

আমাদের কর্মক্ষেত্রকে নিরাপদ এবং সুরক্ষিত রাখার দায়িত্ব আমাদের সকলের।

সম্মিলিতভাবে আমরা আমাদের কর্মী, পরিবেশ ও কর্মপরিধির সম্প্রদায়কে রক্ষা করতে কঠোর পরিশ্রম করি, পাশাপাশি আমাদের কার্যক্রম ও তথ্যের নিরাপত্তাও নিশ্চিত করি।
আমরা কেবল তখনই কাজ শুরু করি যখন এটি নিরাপদ থাকে এবং যখন এটি নিরাপদ থাকে না তখন আমরা কাজ বন্ধ করি।

## জবাবদিহিতা নিশ্চিত করা

# স্থায়িত্ব

বিশ্বকে সমৃদ্ধ এবং কার্বনমুক্ত করার জন্য বিদ্যুতায়নের আমাদের লক্ষ্য আগের চেয়ে আরও গুরুত্বপূর্ণ হয়েছে। আমরা আরও টেকসই বিদ্যুৎ ব্যবস্থা গড়ে তুলতে সাহায্য করছি যা অর্থনীতিকে শক্তিশালী করে, সম্প্রদায়কে সহায়তা করে এবং স্বাস্থ্য, সুরক্ষা, নিরাপত্তা ও জীবনযাত্রার মানের জন্য অত্যাবশ্যক বিদ্যুৎ সরবরাহ করে।

আমাদের মূলে রয়েছে স্থায়িত্ব। আমাদের টেকসই কাঠামোর দ্বারা পরিচালিত এবং চারটি মূল স্তম্ভ - বিদ্যুতায়ন, কার্বন-মুক্তকরণ, সংরক্ষণ ও সমৃদ্ধির উপর নির্মিত, আমরা একটি পরিচ্ছন্ন, স্থিতিশীল এবং টেকসই শক্তি ভবিষ্যতের দিকে অগ্রসর হচ্ছি। প্রতিটি স্তম্ভ নির্দিষ্ট প্রতিশ্রুতির প্রতিনিধিত্ব করে: টেকসই বিদ্যুতের প্রবেশাধিকার সম্প্রসারণ, কার্বন নিঃসরণ হ্রাস, প্রাকৃতিক সম্পদ রক্ষা ও নিরাপদ, ন্যায্য ও দায়িত্বশীল কর্মক্ষেত্র ও সম্প্রদায়কে লালন করা।

এই প্রচেষ্টার মাধ্যমে আমরা আমাদের উদ্ভাবন, পরিচালনা ও গ্রাহকদের সেবা প্রদানের সাথে স্থায়িত্বকে একীভূত করি। এভাবেই আমরা আমাদের উদ্দেশ্য পূরণ করি এবং মানুষ, গ্রহ ও ভবিষ্যৎ প্রজন্মের উপর স্থায়ী প্রভাব ফেলি।



### আরও নির্দেশিকা

- স্থায়িত্ব নীতি
- স্থায়িত্ব ওয়েবসাইট

জবাবদিহিতা নিশ্চিত করা

# মানবাধিকার

আমরা যেখানেই কাজ করি মানবাধিকারের মান বজায় রাখার জন্য সজাগ থাকি।

GE Vernova (জিই ভার্নোভা) বিশ্বের উন্নত, উন্নয়নশীল ও উদীয়মান অর্থনীতির দেশগুলিতে বিদ্যুৎ উৎপাদনে সহায়তা করে এবং তাই আমাদের নিশ্চিত করতে হবে যে আমাদের ব্যবসা ও মূল্য শৃঙ্খলে প্রত্যেকের সাথে ন্যায্য ও মর্যাদাপূর্ণ আচরণ করা হচ্ছে।

আমরা আমাদের কোম্পানি, আমাদের সরবরাহকারী, ঠিকাদার ও ব্যবসায়িক অংশীদারদের মধ্যে উপযুক্ত ও নিরাপদ কর্মপরিবেশ, সংগঠনের স্বাধীনতা, জোরপূর্বক বা শিশুশ্রম না করার পাশাপাশি সম্প্রদায়ের নিরাপত্তা, মর্যাদা, সুরক্ষা ও পরিবেশের রক্ষণাবেক্ষণের প্রতি সম্মান নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

যদি আমরা এমন কিছু পাই যা এই প্রতিশ্রুতিগুলির লঙ্ঘন করে তাহলে আমাদের তা পিপল লিডার বা উন্মুক্ত প্রতিবেদন চ্যানেলের মাধ্যমে রিপোর্ট করতে হবে।

## যেসব বিষয়ের দিকে নজর রাখতে হবে:

- যেসব কর্মী ১৬ বছর বা স্থানীয় আইন দ্বারা নির্ধারিত সর্বোচ্চ শ্রমযোগ্য বয়স যেটি বেশি হবে তার চেয়ে কম বয়সী বলে মনে হয়
- অনিরাপদ কর্মপরিবেশ বা অস্বাস্থ্যকর জীবনযাপনের পরিবেশ
- পিপল লিডার যারা আপনাকে শ্রমিকদের সাথে যোগাযোগ করতে অস্বীকৃতি জানাচ্ছেন
- কর্মক্ষেত্রে হয়রানি, হেনস্থা, বৈষম্য বা সহিংসতার লক্ষণ
- অন্যায্য বা অবৈধ আচরণের গুজব যেমন চাকরির জন্য নিয়োগ ফি, যথাযথ বেতন না দেওয়া বা পর্যাপ্ত বিশ্রামের বিরতি না দেওয়া বা জোর করে কাজ করানো, যেমন পাসপোর্ট আটকে রাখার মাধ্যমে।



## আরও নির্দেশিকা

- মানবাধিকার নীতি
- সরবরাহকারী, ঠিকাদার ও পরামর্শদাতাদের জন্য GE Vernova (জিই ভার্নোভা) ইন্টিগ্রিটি গাইড: GE Vernova (জিই ভার্নোভা) সরবরাহকারীর আচরণবিধি

জবাবদিহিতা নিশ্চিত করা

# পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা

## আমরা যেখানেই কাজ করি প্রতিদিন নিরাপত্তা ও সুস্থতাকে প্রথমে রাখলে তা আমাদের জয়ী হতে সাহায্য করে।

আমাদের পরিবেশগত, স্বাস্থ্য ও সুরক্ষা (EHS) নীতিগুলি সকলকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য এবং আমাদের জন্য অথবা আমাদের পক্ষে কাজ করা প্রত্যেকে দিনের শেষে নিরাপদে বাড়ি ফিরে যাওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য প্রনয়ন করা হয়েছে।

আমরা আমাদের কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য সমস্ত EHS আইন মেনে চলি এবং আমরা সকলের জন্য নিরাপদ কাজের অনুশীলন তৈরি করি যাতে আমরা আঘাত প্রাপ্তি এড়িয়ে যেতে পারি। আমরা যখনই কোনো নতুন কার্যকলাপের পরিকল্পনা করি, তা কোনো নতুন পণ্য ডিজাইন করা, নতুন বাজারে প্রবেশ করা, নতুন সুবিধা তৈরি করা, আমাদের বিদ্যমান উৎপাদন লাইনে লিন নীতি প্রয়োগ করা বা একটি নতুন ব্যবসা অর্জন করা হোক তখনই আমরা EHS ঝুঁকিগুলি মূল্যায়ন এবং পরিচালনা করি।

### আমরা সকলেই সকলকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে ভূমিকা পালন করি:

- আমাদের জীবন রক্ষাকারী নিয়ম মেনে চলে
- সকল EHS প্রশিক্ষণ সেশন সময়মতো সম্পন্ন করে
- সাইটগুলিতে EHS উদ্বেগ সনাক্ত করার জন্য আমাদের প্রক্রিয়াগুলি অনুসরণ করে
- অনিরাপদ বলে মনে হয় বা আপনি অনিশ্চিত এমন কোনো কাজ বন্ধ করা যার মধ্যে অফসাইটও অন্তর্ভুক্ত।

### বাস্তবে

রিপোর্ট করার জন্য EHS-এর লাল পতাকার উদাহরণ:

- নিরাপত্তা বা জরুরি প্রস্তুতিতে ত্রুটি
- দুর্বল রক্ষণাবেক্ষণ করা টুল বা সরঞ্জাম
- মেশিন গার্ড অথবা ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামসহ প্রতিরক্ষামূলক সরঞ্জামের অভাব অথবা ত্রুটিপূর্ণতা
- অনিরাপদ গাড়ি চালানো
- লক-আউট/ট্যাগ-আউট (LOTO) পদ্ধতি বা পড়ে যাওয়া থেকে সুরক্ষা ব্যবহার না করা
- বর্জ্য বা বিপজ্জনক পণ্য সঠিকভাবে ব্যবহার, পরিচালনা বা অপসারণ না করা



### আরও নির্দেশিকা

- পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা নীতি
- জীবন রক্ষাকারী নিয়ম
- EHS পোর্টাল

## জবাবদিহিতা নিশ্চিত করা

# নিরাপত্তা

আমরা আমাদের সর্বাধিক মূল্যবান সম্পদ—আমাদের কর্মীদের—তারা যেখানেই কাজ করুক না কেন, সুরক্ষিত রাখি।

আমরা চাই যারা GE Vernova (জিই ভার্নোভা)-তে কাজ করেন বা আমাদের হয়ে কাজ করেন তারা যেন কর্মক্ষেত্রে নিরাপদ বোধ করেন - অফিসে, সাইটে বা ভ্রমণের সময়। আমরা কখনই হুমকি বা সহিংসতা বা এমন কিছু সহ্য করি না যা কাউকে অনিরাপদ বোধ করে - এবং যদি আমরা কখনও এটি দেখি তাহলে আমাদের অবশ্যই তা রিপোর্ট করতে হবে।



কাজের উদ্দেশ্যে ভ্রমণের আগে কর্মীদের তাদের ব্যক্তিগত GE Vernova (জিই ভার্নোভা) ভ্রমণ প্রোফাইলে জরুরি যোগাযোগের তথ্য পরীক্ষা করে আপডেট করা উচিত। এবং ভ্রমণের সময় কর্মীদের সর্বদা তাদের আশেপাশের পরিবেশ সম্পর্কে সচেতন থাকা উচিত। ভ্রমণের সময় যদি কোনো ধরণের ঘটনা (প্রাকৃতিক বা মনুষ্যসৃষ্ট) ঘটে যা ঝুঁকির কারণ হতে পারে তাহলে আমরা কর্মীরা নিরাপদ কিনা তা পরীক্ষা করতে চাইব। যদি আমরা যোগাযোগ করতে না পারি তাহলে পরিস্থিতি পর্যবেক্ষণ করার পাশাপাশি আমরা ব্যক্তির জরুরি যোগাযোগের সাথে যোগাযোগ করব।

আমাদের বিশ্বব্যাপী নিরাপত্তা টিম যেকোনো উদ্বেগ মোকাবেলায় সাহায্য করার জন্য ২৪/৭ বিদ্যমান।

**Q একজন সহকর্মী আমাকে বলেছিলেন যে তারা তাদের ব্যাজ হারিয়ে ফেলেছে তবে রিপোর্ট করা এড়াতে তাদেরকে ভবনে ঢুকতে দিতে বলেছে। আমি কি তাদের ঢুকতে দেব?**

না - আপনার উচিত তাদেরকে আপনার সাইটের নিরাপত্তার দিকে নির্দেশ করা। এমনকি যদি আপনি সেই ব্যক্তিকে চেনেন এবং বিশ্বাস করেন তবুও অ্যাক্সেস ব্যাজ ব্যক্তিদের জন্য একটি কারণে বরাদ্দ করা হয়: তা আমাদের স্থাপনাগুলির নিরাপত্তা বজায় রাখতে সহায়তা করে। যদি কোনো ব্যাজ হারিয়ে যায় তাহলে তা অবিলম্বে রিপোর্ট করতে হবে যাতে নিষ্ক্রিয় করে প্রতিস্থাপন করা যায়। কাউকে সুবিধা হিসেবে সিস্টেম বাইপাস করতে দিলে নিরাপত্তা প্রোটোকল লঙ্ঘন হয় এবং সাইট অপ্রয়োজনীয় ঝুঁকির মুখে পড়তে পারে।

### আরও নির্দেশিকা

- নিরাপত্তার নীতি
- নিরাপত্তা ঝুঁকি এবং সংকট ব্যবস্থাপনা (SRCM) টিম

## জবাবদিহিতা নিশ্চিত করা

# গুণমান

আমাদের কর্মী, গ্রাহক এবং অংশীদারদের চাহিদা পূরণ করে এমন নিরাপদ, সঙ্গতিপূর্ণ ও টেকসই পণ্য এবং পরিষেবা প্রদান করা আমাদের দায়িত্ব।

আমরা নিরাপত্তা, গুণমান, ডেলিভারি এবং খরচকে এই ক্রমে অগ্রাধিকার দিই। আমরা এই নীতিমালার প্রতি নিজেদের দায়বদ্ধ মনে করি, কেবল তখনই কাজ শুরু করি যখন তা নিরাপদ এবং মান নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। নিরাপত্তা ও মানের প্রত্যাশা পূরণ না হলে আমাদের কাজ বন্ধ করার ক্ষমতা আছে এবং আমরা আমাদের কর্মী, ঠিকাদার ও অংশীদারদের কাছ থেকেও একই প্রত্যাশা করি। আমাদের লক্ষ্য হলো মূল্য শৃঙ্খল জুড়ে সকল কার্যক্রমে (জয়, নকশা, ক্রয়, নির্মাণ, বাস্তবায়ন) উৎপাদন ও উৎপাদন-বহির্ভূত উভয় ক্ষেত্রেই শূন্য ত্রুটিপূর্ণ মানসিকতার ভিত্তিতে কাজ করা।

আমাদের গ্রাহকদের কাছে উচ্চমানের পণ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রে আমাদের সকলেরই ভূমিকা রয়েছে। আমাদের পণ্যের নিরাপত্তা, গুণমান ও কর্মক্ষমতা সম্পর্কিত আইন ও বিধিমালা মেনে চলতে হবে এবং GE Vernova (জিই ভার্নোভা)-এর নীতি, পদ্ধতি এবং মান অনুসরণ করতে হবে।

আমরা প্রতিদিন নিজেদেরকে আরও উন্নত করার চ্যালেঞ্জ নিয়ে আমাদের দিকনির্দেশ হিসেবে নিরাপত্তা, গুণমান, সরবরাহ এবং খরচ (SQDC)-কে এই ক্রমে গ্রহণ করি।

**S — নিরাপত্তা**
GE Vernova (জিই ভার্নোভা) আমাদের কর্মী এবং অংশীদারদের জন্য একটি নিরাপদ কর্মপরিবেশ প্রদানের লক্ষ্য রাখে,

**Q — গুণমান**
মানসম্পন্ন পণ্য সরবরাহ এবং পরিষেবা প্রদান করে

**D — ডেলিভারি**
আমাদের গ্রাহকদের কাছে সময়মতো পৌঁ ছে দেওয়া এবং

**C — খরচ**
আমাদের স্টকহোল্ডারদের জন্য মার্জিন বৃদ্ধি করে।

আমাদের কখনোই গুণগত মান নিয়ন্ত্রণ এড়িয়ে যাওয়া বা এমন সংক্ষিপ্ত পথ নেওয়া উচিত নয় যা আমাদের পণ্য এবং পরিষেবা বা আমাদের সততার সংস্কৃতির সাথে আপস করতে পারে। যদি আমরা কখনও পণ্য বা প্রক্রিয়ায় ত্রুটি বা বিচ্যুতির লক্ষণ দেখতে পাই যা আমাদের পণ্য বা পরিষেবার নিরাপত্তা বা অখণ্ডতার সাথে আপস করতে পারে তাহলে আমাদের কখনই ধরে নেওয়া উচিত নয় যে অন্য কেউ এটি সমাধান করবে; এর পরিবর্তে আমাদের অবিলম্বে কাজ বন্ধ করতে হবে এবং আমাদের উদ্বেগ কোনো পিপল লিডার বা লিডার বা নৈতিকতা ও কমপ্লায়েন্স টিমের কাছে জানাতে হবে।

### আরও নির্দেশিকা

→ গুণমানের নীতি

জবাবদিহিতা নিশ্চিত করা

# সঠিক হিসাব-রক্ষন

## সঠিক আর্থিক ও ব্যবসায়িক হিসাব রাখা আমাদের মূল্যবোধ ও আইনি প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ গুরুত্বপূর্ণ কোম্পানির অনুশীলন।

আমাদের সততার সাথে ব্যবসা করার অনেক উপায়ের মধ্যে হিসাব-রক্ষন একটি। কার্যসম্পাদন, আর্থিক বিবরণী, নিরাপত্তা প্রতিবেদন, গুণমান এবং এ-সংক্রান্ত অন্যান্য বিষয়ে সঠিক নথিপত্র রাখা আইনগত ও নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা এবং শেয়ারহোল্ডারদের প্রত্যাশা পূরণের জন্য অপরিহার্য।

GE Vernova (জিই ভার্নোভা)-কে সঠিক আর্থিক ও ব্যবসায়িক নথি তৈরি, রক্ষণাবেক্ষণ এবং প্রতিবেদন করা বাধ্যতামূলক। আমরা কোনো রেকর্ড, অ্যাকাউন্ট বা লেনদেনকে জাল বা ভুলভাবে উপস্থাপন করি না। কোম্পানির প্রতিটি স্তরে আমাদের প্রত্যেকেরই কোম্পানির সমস্ত ব্যবসা এবং আর্থিক রেকর্ডের নির্ভুলতা নিশ্চিত করার দায়িত্ব রয়েছে।

### জালিয়াতি প্রতিরোধ ও রিপোর্ট করা

ইচ্ছাকৃতভাবে ভুলভাবে তথ্য উপস্থাপন করা বা গোপন করা বা অন্য কাউকে তা করতে সাহায্য করা হলো প্রতারণা। চুরি, জালিয়াতি, আত্মসাৎ, চাঁদাবাজি বা কোম্পানির সম্পত্তির অপব্যবহারের মতো কাজ আইন এবং GE Vernova (জিই ভার্নোভা) নীতি লঙ্ঘন করে। জালিয়াতি আমাদের আর্থিক প্রতিবেদনের আস্থা ও অখণ্ডতাকে ক্ষুণ্ন করে। যদি আপনি এটি দেখতে পান বা সন্দেহ করেন তাহলে অবিলম্বে আপনার পিপল লিডার, HR, এথিক্স অ্যান্ড কমপ্লায়েন্স বা ওপেন রিপোর্টিং চ্যানেলগুলির একটিতে রিপোর্ট করুন।



### বাস্তবে

- লেনদেন ও ঘটনাগুলি সঠিকভাবে ও তাৎক্ষণিকভাবে নথিভুক্ত করুন
- যে কোনো আর্থিক ফলাফল কার্যসম্পাদনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মনে না হলে তা রিপোর্ট করুন বা উদ্বেগ উত্থাপন করুন।
- কখনও মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য নথিভুক্ত বা প্রতিবেদন তৈরি করবেন না
- কোম্পানির পক্ষ থেকে খরচ বহন করার সময় আমাদের নীতি অনুসরণ করুন এবং সঠিক সিদ্ধান্ত নিন

### আরও নির্দেশিকা

নিয়ন্ত্রণ নীতি



# কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

যখন আমরা আমাদের কোম্পানি ও জবাবদিহিতার সংস্কৃতি রক্ষা করি তখন সকলেই জয়ী হয়।

GE Vernova (জিই ভার্নোভা)-এর জন্য সঠিক কাজটি করা শুরু হয় - আমরা যেখানেই ব্যবসা করি সেই দেশের সমস্ত আইন ও বিধিমালা কঠোরভাবে মেনে চলা, কোম্পানির নীতিমালা মেনে চলা এবং আমাদের সততা ও জবাবদিহিতার নীতিমালা অনুসরণ করার মাধ্যমে। জবাবদিহিতা কেবল নিয়ম জানা এবং বোঝার মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং পুরো দল যেন সেগুলো প্রতিদিন অনুসরণ করছে কিনা তা নিশ্চিত করার জন্য সময় দেওয়াও এর অন্তর্ভুক্ত।

কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# তথ্য সুরক্ষা

আমরা আমাদের কোম্পানি, আমাদের গ্রাহক, আমাদের কর্মী এবং আমাদের সরবরাহকারীদের সম্পর্কিত তথ্য দায়িত্বের সাথে ব্যবহার করি এবং এটি নিরাপদ রাখি।

GE Vernova (জিই ভার্নোভা) মালিকানাধীন তথ্য এবং তৃতীয় পক্ষ আমাদের যে তথ্যের দায়িত্ব অর্পণ করেছে, সেগুলো আমরা যেভাবে পরিচালনা করি, তা আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা ও বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এর অর্থ হলো আমরা কেবল GE Vernova (জিই ভার্নোভা)-এর জন্য কাজ পরিচালনা এবং গোপনীয় তথ্য ব্যবহার করার জন্য অনুমোদিত সিস্টেম এবং অফিসিয়াল ডিভাইস ব্যবহার করি এবং আমরা এই ডিভাইসগুলিকে জনসমাগমস্থলে অরক্ষিত অবস্থায় রেখে যাই না। আমরা লগইন তথ্য সুরক্ষিত রাখা, শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার ও নিয়মিত পরিবর্তন করা, এবং GE Vernova-এর জন্য কাজ করে না এমন কারো সাথে তথ্য-সম্পদ প্রকাশ না করার মতো সচেতন নিরাপত্তা-পদ্ধতিও অনুসরণ করি।

**Q আমি আমার GE Vernova (জিই ভার্নোভা) ল্যাপটপ থেকে দূরে আছি এবং আমাদের চলমান একটি প্রকল্পের বিষয়ে একজন সহকর্মীর সাথে যোগাযোগ করতে হবে। আমি কি আমার ব্যক্তিগত ইমেইল অ্যাকাউন্ট থেকে তাদের ইমেইল করতে পারি?**

না। আপনার GE Vernova (জিই ভার্নোভা) ইমেইল অ্যাকাউন্ট কেবল সহকর্মী, গ্রাহক বা সরবরাহকারীদের সাথে ব্যবসা-সম্পর্কিত যোগাযোগের জন্য ব্যবহার করা উচিত, সেইসাথে (যেখানে আপনি এটি করার জন্য অনুমোদিত) GE Vernova (জিই ভার্নোভা) মালিকানা তথ্য সম্বলিত যেকোনো উপকরণ নিজেকে পাঠানোর জন্য। আপনার GE Vernova ইমেইলে প্রবেশাধিকার না থাকলে, অনুমোদিত সহযোগিতা টুলের মতো বিকল্প নিরাপদ পদ্ধতি ব্যবহার করার কথা বিবেচনা করুন, অথবা কোম্পানির অ্যাকাউন্টে প্রবেশাধিকার পাওয়া পর্যন্ত অপেক্ষা করুন।



## আরও নির্দেশিকা

- গ্রহণযোগ্য ব্যবহার নীতি
- সাইবার নিরাপত্তার নীতি
- মালিকানা তথ্য শ্রেণীবিভাগ, লেবেলিং ও পরিচালনার নীতি
- ব্যক্তিগত তথ্য সুরক্ষার প্রতিশ্রুতি

## কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# কৃত্রিম বুদ্ধিমত্তা

সমস্ত নতুন ও উন্নয়নশীল সরঞ্জামের মতো কৃত্রিম বুদ্ধিমত্তাকে দায়িত্বশীলতার সাথে ব্যবহার করতে হবে।

কৃত্রিম বুদ্ধিমত্তা আমাদের লক্ষ্য: বিদ্যুতায়িত করে সাফল্য অর্জন ও কার্বনমুক্তকরণ কে ত্বরান্বিত করার জন্য অপরিসীম সম্ভাবনা রাখে। আমরা কীভাবে কাজ করি তা উন্নত করতে সহায়তা করার জন্য আমরা সর্বজনীনভাবে বিদ্যমান সরঞ্জামগুলি ব্যবহার করছি এবং নির্দিষ্ট ব্যবহারের ক্ষেত্রে আমাদের নিজস্ব জেনারেটিভ কৃত্রিম বুদ্ধিমত্তা সরঞ্জামগুলিও তৈরি করছি।

আমরা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির নিরাপদ, নীতিগত ও দায়িত্বশীল ব্যবহারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই খাতের দ্রুত বিকাশ এবং পাবলিক কৃত্রিম বুদ্ধিমত্তা প্ল্যাটফর্মগুলির সাথে সংশ্লিষ্ট অন্তর্নিহিত গোপনীয়তা ও ডেটা অখণ্ডতার ঝুঁকির পরিপ্রেক্ষিতে আমরা ডেটা নিরাপত্তা সম্পর্কিত অভ্যন্তরীণ নীতি ও ক্রমবিকাশমান নির্দেশিকাগুলি কঠোরভাবে মেনে চলি। আমরা কেবল অনুমোদিত কৃত্রিম বুদ্ধিমত্তা অ্যাপ্লিকেশনগুলি ব্যবহার করি এবং পাবলিক কৃত্রিম বুদ্ধিমত্তা প্ল্যাটফর্মগুলিতে কোনো গোপনীয় বা মালিকানাধীন GE Vernova (জিই ভার্নোভা) তথ্য, তৃতীয় পক্ষের ডেটা বা সংবেদনশীল ব্যক্তিগত তথ্য প্রবেশ করা থেকে বিরত থাকি।

এই সুশৃঙ্খল পদ্ধতি নিশ্চিত করে যে আমাদের কৃত্রিম বুদ্ধিমত্তা গ্রহণ আমাদের মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং নিয়ন্ত্রক প্রয়োজনীয়তাও পূরণ করে, একই সাথে আমাদের কোম্পানি, কর্মচারী এবং ব্যবসায়িক অংশীদারদের স্বার্থ রক্ষা করে।

### কৃত্রিম বুদ্ধিমত্তা টুলের যথাযথ ব্যবহার

- ✓ যে বিষয়বস্তু ইতোমধ্যে সর্বসাধারণের জন্য উন্মুক্ত রয়েছে, তা প্রদান বা সংক্ষিপ্তসার তৈরি করা
- ✓ সরবরাহকারীর কাছে ধন্যবাদ পত্রের মতো খসড়া টেমপ্লেট তৈরি করা
- ✓ গোপনীয় নয় এমন বিষয়গুলিতে ধারণা তৈরি করা (যেমন, টিম গঠনের কার্যকলাপের জন্য জনপ্রিয় রেস্তোরাঁ)
- ✓ কোনো সংবেদনশীল বা গোপনীয় তথ্য ছাড়াই স্প্রেডশিটে পুনরাবৃত্তিমূলক কাজ স্বয়ংক্রিয় করা (যেমন, এক্সেল ম্যাক্রো লিখুন যা ডেটার কলাম থেকে ডুপ্লিকেটগুলি সরিয়ে ফেলবে)

**Q সাম্প্রতিক শিল্প প্রবণতাগুলির সারসংক্ষেপ তুলে ধরে একটি উপস্থাপনা তৈরিতে সাহায্য করার জন্য আমি একটি পাবলিক কৃত্রিম বুদ্ধিমত্তা প্ল্যাটফর্ম ব্যবহার করার কথা বিবেচনা করছি। আরও উপযুক্ত ফলাফল পেতে আমি কি সাম্প্রতিক অল এমপ্লয়ি মিটিংয়ে কিছু কোম্পানির অন্তর্দৃষ্টি ও বিস্তৃতভাবে শেয়ার করা তথ্য ইনপুট করতে পারি?**

না। তথ্যটি সংবেদনশীল না হলেও পাবলিক কৃত্রিম বুদ্ধিমত্তা প্ল্যাটফর্মের সাথে কোম্পানির মালিকানাধীন কোনো অন্তর্দৃষ্টি বা ডেটা শেয়ার করলে আমাদের গোপনীয় তথ্য বহিরাগত পক্ষগুলির কাছে প্রকাশিত হতে পারে যা প্রতিযোগিতামূলক ক্ষতির ঝুঁকি তৈরি করতে পারে। পাবলিক কৃত্রিম বুদ্ধিমত্তা টুলগুলি কেবল সেই তথ্যের সাথে ব্যবহার করা উচিত যা ইতিমধ্যেই সর্বজনীনভাবে বিদ্যমান বা গোপনীয় নয়।

### *জানা ভালো*

যদি আপনি কখনও নিশ্চিত না হন যে কোনী কিছু কৃত্রিম বুদ্ধিমত্তা টুলের সাথে শেয়ার করা নিরাপদ কিনা তাহলে আপনার পিপল লিডার বা সাইবার সিকিউরিটি টিমকে জিজ্ঞাসা করুন।

### আরও নির্দেশিকা

→ কৃত্রিম বুদ্ধিমত্তা নীতির গ্রহণযোগ্য ব্যবহার
→ কৃত্রিম বুদ্ধিমত্তা রিসোর্স

কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# সামাজিক যোগাযোগ মাধ্যম

আমরা সবসময়ই এক দল, এমনকি অনলাইনেও, এবং আমাদের অনলাইন আচরণেও সেই একই পেশাদারিত্ব, সততা ও শ্রদ্ধা প্রতিফলিত হওয়া উচিত যা আমাদের কর্মক্ষেত্রের আচরণকে পরিচালিত করে।

সামাজিক যোগাযোগ মাধ্যম আমাদের ব্র্যান্ড গড়ে তুলতে এবং শক্তিশালী কর্ম সম্পর্ক গড়ে তুলতে সাহায্য করতে পারে।, উদাহরণস্বরূপ কোম্পানির সাফল্যগুলিকে তুলে ধরা, অংশীদারদের ইভেন্ট উল্লেখ করা বা গ্রুপ পোস্টে সহকর্মীদের ট্যাগ করা।

ব্যক্তিগত সামাজিক যোগাযোগ মাধ্যম অ্যাকাউন্টে পোস্ট করার সময় কর্মীদের মনে রাখা উচিত যে জনসমক্ষে তাদের কার্যকলাপ GE Vernova (জিই ভার্নোভা)-এর সাথে যুক্ত হতে পারে। যখন কোনো কর্মী নিজেকে GE Vernova (জিই ভার্নোভা) কর্মী হিসেবে পরিচয় দেয় বা কোম্পানির পক্ষে কথা বলছেন বলে যুক্তিসঙ্গতভাবে মনে করা হয় তখন তিনি একজন মুখপাত্র হিসেবে কাজ করছেন। এইসব ক্ষেত্রে, কেবল এমন বিষয়বস্তু পোস্ট করা উচিত যা আমাদের অবস্থানের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং জনসমক্ষে প্রকাশের উপযোগী।

কর্মীরা পেশাদারিত্ব ও শ্রদ্ধার সাথে আচরণ করার জন্য দায়বদ্ধ। এর মধ্যে রয়েছে সকল সামাজিক প্ল্যাটফর্ম জুড়ে যেকোনো পোস্টে GE Vernova (জিই ভার্নোভা)-এর গোপনীয় এবং মালিকানাধীন তথ্য সুরক্ষিত রাখা।



## আরও নির্দেশিকা


- গ্রহণযোগ্য ব্যবহার নীতি
- সম্মানজনক কর্মক্ষেত্র নীতি

কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# সাইবার নিরাপত্তা

আমরা আমাদের সিস্টেম, নেটওয়ার্ক ও ডিভাইসগুলিকে সুরক্ষিত রাখি যাতে আমাদের কার্যক্রম, ডেটা ও একে অপরকে সুরক্ষিত রাখা যায়।

আমাদের পণ্য পোর্টফোলিও জুড়ে ডিজিটাল সমাধান বৃদ্ধির পাশাপাশি আমাদের নিজস্ব কার্যক্রমে সাইবার নিরাপত্তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। হ্যাকিং, ফিশিং, মুক্তিপণ দাবিসহ অন্যান্য সাইবার আক্রমণ থেকে GE Vernova (জিই ভার্নোভা) সিস্টেম, নেটওয়ার্ক এবং ডিভাইসগুলিকে রক্ষা করা আমাদের সকলেরই দায়িত্ব।



## বাস্তবে

GE Vernova (জিই ভার্নোভা) সিস্টেম ও ডিভাইসগুলি কেবল ব্যবসায়িক উদ্দেশ্যে তৈরি তাই আমরা নিম্নলিখিত বিষয়গুলি মনে রাখি:

- GE Vernova (জিই ভার্নোভা) সিস্টেম ও ডিভাইসগুলিতে কেবল বিশ্বস্ত অ্যাপ্লিকেশন ইনস্টল করা উচিত।
- ইমেইল গুলিতে থাকা লিঙ্ক ও সংযুক্তিগুলিতে ক্লিক করার আগে সাবধানে পরীক্ষা করা প্রয়োজন।
- ব্যক্তিগত ইমেইল বা অননুমোদিত ডিভাইস ব্যবহার করা উচিত নয়
- GE Vernova (জিই ভার্নোভা) তথ্য কেবল নিরাপদ, অনুমোদিত চ্যানেলগুলিতে শেয়ার করা উচিত

**Q আমি সিস্টেম আপগ্রেড সম্পর্কিত একটি ইমেইল পেয়েছি এবং এতে আমাকে একটি লিঙ্কে ক্লিক করে আমার লগইন পরিচয় তথ্য নিশ্চিত করতে হবে এবং সেগুলি প্রদান করতে হবে। এটি নিরাপদ অনুরোধ কিনা আমি কিভাবে বুঝব?**

এটি একটি সাধারণ ফিশিং কৌশল। যদি কোন কিছু জরুরি, হুমকিস্বরূপ বা অস্বাভাবিক মনে হয় - বিশেষ করে যখন এতে আপনার পরিচয় তথ্য শেয়ার করার কথা থাকে - তাহলে প্রথমে একটি বিশ্বস্ত চ্যানেলের মাধ্যমে যাচাই করা উত্তম।

অপ্রত্যাশিত বা সন্দেহজনক ইমেইল থেকে আসা লিঙ্কগুলিতে ক্লিক করবেন না বা সংযুক্তিগুলি খুলবেন না, এমনকি যদি সেগুলি কোম্পানির ভেতর থেকে আসে বলে মনে হয়। এর পরিবর্তে, আপনার Outlook ইমেলইের "রিপোর্ট ফিশ" বোতামে ক্লিক করে বার্তাটি রিপোর্ট করুন।




## আরও নির্দেশিকা

- সাইবার নিরাপত্তার নীতি
- সাইবার সিকিউরিটি পোর্টাল

## কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# গোপনীয়তা

অন্যদের ব্যক্তিগত তথ্যের প্রতি শ্রদ্ধা রেখে আমরা আমাদের উপর রাখা তাদের আস্থার মূল্য দিই।

গোপনীয়তাকে সম্মান করা হলো GE Vernova (জিই ভারনোভা) - এর উপর আমাদের এবং আমাদের গ্রাহকদের আস্থা বজায় রাখার একটি অংশ।

ব্যক্তিগত তথ্য সুরক্ষার জন্য আমরা গোপনীয়তা আইন ও GE Vernova (জিই ভার্নোভা)-এর প্রতিশ্রুতি মেনে চলি। আমরা আমাদের ব্যবসায়িক অংশীদারদের কাছ থেকেও গোপনীয়তা ও ডেটা সুরক্ষা আইন ও বিধি মেনে চলার প্রত্যাশা করি। ব্যক্তিগত তথ্য কেবল তখনই অ্যাক্সেস করা উচিত যখন তা আমাদের কাজের জন্য অপরিহার্য হয় এবং ততক্ষণ রাখা উচিত যতক্ষণ প্রয়োজন এবং তারপর নিরাপদে মুছে ফেলা উচিত।

যদি আপনি ব্যক্তিগত তথ্য সম্পর্কিত কোনো ঝুঁকি বা ঘটনার সম্মুখীন হন তাহলে আপনাকে অবশ্যই বিলম্ব না করে তা জানাতে হবে। অভিযোগগুলি একটি গোপনীয়তা প্রতিবেদনের মাধ্যমে আপনার পিপল লিডার, আপনার ব্যবসায়িক গোপনীয়তা লিডারের কাছে বা যেকোনো উন্মুক্ত প্রতিবেদন চ্যানেলের মাধ্যমে করা যেতে পারে।

ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখা আমাদের সকল কর্মীর যৌথ দায়িত্ব। এই নীতিগুলো অনুসরণ করে, আমরা বিশ্বাস বজায় রাখতে, ব্যক্তির অধিকার রক্ষা করতে এবং আমাদের কার্যক্রমের সততা বজায় রাখতে সহায়তা করি।

**Q আমি একটি প্রকল্পে সহায়তা করছিলাম এবং দেখলাম যে পূর্বের ভূমিকায় ব্যবহৃত কর্মীদের বেতন-সংক্রান্ত ডেটার একটি ফোল্ডারে এখনো আমার প্রবেশাধিকার রয়েছে। আমি এখন এটি ব্যবহার করছি না তবে আমার মনে হয়েছে এটি ভবিষ্যতের বিশ্লেষণের জন্য কার্যকর হতে পারে। কেবল প্রয়োজনের জন্য কি একটি কপি রাখা ঠিক হবে?**

না। ব্যক্তিগত তথ্য কেবল তখনই অ্যাক্সেস, ব্যবহার বা শেয়ার করা উচিত যখন কোনো স্পষ্ট, বৈধ ব্যবসায়িক প্রয়োজন থাকে। সেই তথ্য ধরে রাখা কোম্পানির গোপনীয়তার মান লঙ্ঘন করে এবং আইনি প্রয়োজনীয়তা লঙ্ঘন করতে পারে। যদি আপনার আর প্রবেশাধিকার প্রয়োজন না হয় তাহলে আপনার পিপল লিডার বা উপযুক্ত ডেটা মালিককে জানান যাতে আপনার অ্যাক্সেস সরানো যায়।



### *ব্যক্তিগত তথ্য কী?*

এটি এমন যেকোনো তথ্য যা কোনো ব্যক্তিকে শনাক্ত করতে পারে, যার মধ্যে নাম, কর্মচারী ID (আইডি,) বাড়ির ঠিকানা বা পারিশ্রমিকসংক্রান্ত বিবরণ অন্তর্ভুক্ত।

### আরও নির্দেশিকা

→ গোপনীয়তার নীতি

কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# মেধাসম্পদ

## আমাদের উদ্ভাবন ও ব্র্যান্ডকে সুরক্ষিত রাখা আমাদের প্রতিযোগিতামূলক সুবিধা বজায় রাখতে সাহায্য করে।

আমরা বিশ্বজুড়ে প্রতিভাবান ব্যক্তিদের বিভিন্ন পদে নিয়োগ করি যার মধ্যে রয়েছে প্রকৌশল, উৎপাদন, গবেষণা, পরিচালনা, ব্যবসা সহ আরও অনেক কিছু। একসাথে, আমরা এমন পণ্য ও পরিষেবা তৈরি করি যা আমাদের প্রতিযোগিতামূলক সুবিধা দেয়, যা আমরা মেধাস্বত্ব (IP) অধিকারের মাধ্যমে সুরক্ষিত করি।

আমরা যা ডিজাইন করি, তৈরি করি ও ব্যবহার করি তার ভিত্তি হলো GE Vernova (জিই ভার্নোভা) IP (আইপি)। বিশ্ব পরিবর্তনের জন্য শক্তি কাজে লাগানোর অর্থ হলো আমাদের IP (আইপি)-তে বিনিয়োগ করা এবং তা সুরক্ষিত করা। আমাদের ইঞ্জিনিয়ারিং ও অন্যান্য নথিপত্র সঠিকভাবে শ্রেণীবদ্ধ, লেবেলযুক্ত ও পরিচালনা করা প্রয়োজন। এবং যদি আমরা GE Vernova (জিই ভার্নোভা)-এর জন্য কিছু অভিনব, নতুন ধরনের বা কার্যকর কিছু তৈরি করি, আমরা উপযুক্ত IP অধিকারের মাধ্যমে তা সুরক্ষার জন্য সময়মতো লিগ্যালকে জানাই।

আমাদের প্রযুক্তির বাইরেও, GE Vernova (জিই ভার্নোভা)-এর IP-তে আমাদের ব্র্যান্ড, GE Vernova (জিই ভার্নোভা) নাম এবং লোগো এবং অন্যান্য ট্রেডমার্ক এবং লোগো অন্তর্ভুক্ত রয়েছে যা আমরা বিশ্বের কাছে আমাদের পণ্য এবং পরিষেবাগুলিকে অনন্যভাবে সনাক্ত করতে ব্যবহার করি। আমাদের যোগাযোগ এবং বিপণনে সেই ব্র্যান্ডগুলির যথাযথ ব্যবহার ও সুরক্ষা শিল্পে আমাদের অবস্থান ও খ্যাতি জোরদার করতে সহায়তা করে।

আমরা অন্যদের বৈধ IP অধিকারকেও সম্মান করি ও লঙ্ঘন এড়াতে পদক্ষেপ নিই। এর মধ্যে রয়েছে, উদাহরণস্বরূপ, GE Vernova (জিই ভার্নোভা)-তে আমাদের কাজে আমরা যেন প্রাক্তন নিয়োগকর্তাদের কাছ থেকে তথ্য না আনি তা নিশ্চিত করা।

### *আমাদের IP-এর উদাহরণ*

IP-এর মধ্যে রয়েছে উদ্ভাবন, আবিষ্কার, উৎপাদন প্রক্রিয়া, আমাদের ব্র্যান্ড, ব্যবসায়িক পরিকল্পনা, বিপণন সামগ্রী, সফ্টওয়্যার, গ্রাফিক্স, মালিকানাধীন ফটোগ্রাফি, পণ্যের বৈশিষ্ট্য বা স্পেসিফিকেশন, সরবরাহকারীর তথ্য এবং গ্রাহকদের ক্রয়ের ইতিহাস যা সবই পেটেন্ট, ব্যবসায়িক গোপনীয়তা বা ট্রেড সিক্রেট, ট্রেডমার্ক, কপিরাইট ও ডিজাইনের মাধ্যমে সুরক্ষিত। GE Vernova (জিই ভার্নোভা) কর্তৃক নিয়োগের সময় তৈরি করা IP কোম্পানির সম্পত্তি।

### আরও নির্দেশিকা

- মেধাসম্পদ নীতি
- GE Vernova (জিই ভার্নোভা) মালিকানাধীন তথ্য শ্রেণীবিভাগ, লেবেলিং এবং হ্যান্ডলিং নীতি

কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# অর্থপাচার রোধ

আমরা আমাদের ব্যবসা বৈধভাবে পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং আমাদের গ্রাহক ও সরবরাহকারীদের কাছ থেকেও একই প্রত্যাশা করি।

আমরা জেনেশুনে বর্তমানে বা পূর্বে অপরাধমূলক কার্যকলাপ বা অনৈতিক ব্যবসায়িক অনুশীলনে জড়িত কোনো পক্ষের সাথে জড়িত থাকব না। আমরা পুঙ্খানুপুঙ্খভাবে যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করি এবং আমরা কেবল সেই অর্থায়ন গ্রহণ করি যা বৈধ ও আমাদের মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ। এই মানদণ্ডগুলির কঠোরভাবে মেনে চলা আমাদের কোম্পানিকে আর্থিক অপরাধ থেকে রক্ষা করতে সাহায্য করে, বিশ্বব্যাপী অর্থ পাচার ও দুর্নীতি বিরোধী প্রচেষ্টাকে সমর্থন করে এবং GE Vernova (জিই ভার্নোভা)-এর উপর আমাদের স্টেকহোল্ডারদের আস্থাকে আরও শক্তিশালী করে। যদি আপনি কোনো অ্যান্টি-মানি লন্ডারিং (AML) সতর্কতামূলক পদক্ষেপ শনাক্ত করেন তাহলে কমপ্লায়েন্স টিমকে অবহিত করুন।

## বাস্তবে

যেসব উদ্বেগ জানানো উচিত:

- ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের সময় গ্রাহকের দ্বারা মিথ্যা তথ্য প্রদানের প্রচেষ্টা
- নগদ অর্থ প্রদান অথবা অতিরিক্ত অর্থ প্রদান, যার সাথে ফেরতের অনুরোধ থাকতে পারে
- তৃতীয় পক্ষের পেমেন্ট, যেমন, বিল-প্রদান করা গ্রাহক ব্যতীত অন্য পক্ষের মাধ্যমে করা পেমেন্ট
- গ্রাহকের প্রত্যাশিত আচরণের সাথে অসঙ্গতিপূর্ণ অস্বাভাবিক অর্ডার বা লেনদেন
- অস্বাভাবিক জটিল চুক্তি কাঠামো অথবা কোনো নির্দিষ্ট লেনদেনের সাথে সংশ্লিষ্ট নয় এমন এলাকা (jurisdiction) থেকে অর্থ আসা বা পাঠানো।

## আরও নির্দেশিকা

অর্থপাচার বিরোধী নীতি



## কোম্পানি ও একে অপরকে সুরক্ষা দেওয়া

# অভ্যন্তরীণ লেনদেন

আমরা অভ্যন্তরীণ তথ্য ব্যবহার বা প্রকাশ করি না।

অভ্যন্তরীণ তথ্যে প্রবেশাধিকার দায়িত্ব বহন করে। যদি আপনার কাছে গুরুত্বপূর্ণ অপ্রকাশিত তথ্য (MNPI) থাকে তাহলে আপনাকে অবশ্যই এটি সুরক্ষিত রাখতে হবে এবং কখনই শেয়ার করবেন না বা সিকিউরিটিজ (শেয়ার বা স্টক) কিনতে বা বিক্রি করতে ব্যবহার করবেন না - তা সেটি GE Vernova (জিই ভার্নোভা)-এর স্টক হোক বা আমরা যাদের সাথে ব্যবসা করি এমন কোনো কোম্পানির।

অভ্যন্তরীণ তথ্য ব্যবহার করে লেনদেন এবং স্টক টিপিং (লেনদেনের জন্য কাউকে গোপন তথ্য বা পরামর্শ দেওয়া) সম্পর্কিত আইন মেনে চলা বিনিয়োগকারীদের আস্থা বজায় রাখে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতি GE Vernova (জিই ভার্নোভা)-এর নিষ্ঠার প্রতিফলন ঘটায়। স্টেকহোল্ডারদের কাছে বিশ্বাসযোগ্যতা বজায় রাখার এবং নিয়ন্ত্রক প্রত্যাশা পূরণ করতে এই তথ্যের সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

GE Vernova (জিই ভার্নোভা) ব্যক্তিগত বা আর্থিক লাভের জন্য MNPI-এর কোনো অপব্যবহার সহ্য করে না। আমরা অন্যদের সাথে এমনকি বন্ধুবান্ধব বা পরিবারের সাথেও MNPI শেয়ার করি না কারণ এটি তাদের অবৈধভাবে ব্যবসা করতে সক্ষম করতে পারে। এটি করা আস্থাকে ক্ষুণ্ণ করে, আইন লঙ্ঘন করে ও নৈতিক ব্যবসায়িক আচরণের প্রতি আমাদের প্রতিশ্রুতির পরিপন্থী হয়।

### *MNPI কী?*

MNPI হলো এমন যেকোনো তথ্য যা কোনো যুক্তিসঙ্গত বিনিয়োগকারী সিকিউরিটিজ কেনা, বিক্রি বা ধরে রাখার সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করবেন এবং যা এখনও জনসমক্ষে প্রকাশ করা হয়নি। উদাহরণগুলির মধ্যে আর্থিক ফলাফল, পরিকল্পিত একীভূতকরণ অথবা অধিগ্রহণ, নেতৃত্বের পরিবর্তন, নতুন পণ্য লঞ্চ অথবা উল্লেখযোগ্য চুক্তি জয় বা ক্ষতি অন্তর্ভুক্ত থাকতে পারে।

**অভ্যন্তরীণ লেনদেন** বলতে বোঝায় কোনো কোম্পানির স্টক বা অন্যান্য সিকিউরিটিজ কেনা বা বিক্রি করা যখন আপনার কাছে সেই কোম্পানি সম্পর্কে বস্তুগত অপ্রকাশিত তথ্য (MNPI) থাকে।

**স্টক টিপিং** মানে হলো কোনো কোম্পানির MNPI এমন একজন ব্যক্তির সাথে শেয়ার করে নেওয়া যিনি পরে কোম্পানির স্টক বা অন্যান্য সিকিউরিটিজ কিনে বা বিক্রি করেন।

**Q রাতের খাবারের সময়, আমি আমার বোনকে বললাম যে আমাদের কোম্পানি একটিনতুন গ্রাহকের সাথে বড় চুক্তি স্বাক্ষর করেছে যা এখনও ঘোষণা করা হয়নি। আমি জানতে পারলাম যে আমাদের কথোপকথনের কিছুক্ষণ পরেই সে স্টক কিনেছে। এটা কি কোনো সমস্যা?**

হ্যা। অঘোষিত চুক্তির মতো গুরুত্বপূর্ণ অপ্রকাশিত তথ্য শেয়ার করা কোম্পানির নীতিমালা ও অভ্যন্তরীণ বাণিজ্য বা ইনসাইডার ট্রেডিং আইন উভয়েই লঙ্ঘন করে। এমনকি যদি আপনি তাকে সরাসরি লেনদেনের পরামর্শ না দিলেও বা নিজের বা ব্যক্তিগত লাভের জন্য চেষ্টা না করলেও এই "টিপিং" (গোপন তথ্য দেওয়া) আপনার ও আপনার বোন উভয়ের জন্যই গুরুতর আইনি ও শাস্তিমূলক পরিণতি ডেকে আনতে পারে। গোপনীয় ব্যবসায়িক তথ্য সর্বদা গোপন রাখুন যতক্ষণ না তা আনুষ্ঠানিকভাবে জনসাধারণের কাছে প্রকাশ করা হয়।

## আরও নির্দেশিকা

→ অভ্যন্তরীণ লেনদেন এবং স্টক টিপিং নীতি

# রিসোর্স

আপনি যদি কোনো উদ্বেগ জানাতে চান বা প্রশ্ন জিজ্ঞাসা করতে চান, আমরা আপনার কথা শুনতে এখানে আছি।

## উদ্বেগ প্রকাশ করুন:

- অনলাইন
- আমাদের হটলাইনে কল করুন
- ইমেইল

## বা আপনি যোগাযোগ করতে পারেন:

- আপনার ন্যায়পাল (ওম্বুডস্পারসন)
- পিপল লিডার
- নৈতিকতা ও কমপ্লায়েন্স
- লিগ্যাল
- মানব সম্পদ

## আপনি আমাদের ইন্টিগ্রিটি পোর্টাল [integrity.gevernova.com] এও যেতে পারেন:

- কোনো বিজনেস কমপ্লায়েন্স লিডার খুঁজুন
- উদ্বেগ প্রকাশ করুন
- নীতি পর্যালোচনা করুন
- প্রশিক্ষণ উপকরণ, ভিডিও ও ইনফোগ্রাফিক্স দেখুনs

GE VERNOVA